34 The statements shall be checked by the Superintendent of Stamps, Calcutta, Madras or Bombay, or by the local Superintendent or Commissioner of Stamps or other officer specified in Rule 33 by comparison with previous statements and the accounts of the central depots and shall be used by him to check indents and to watch the balances in the local depots If the monthly statements of transactions show that the balance of any kind of stamp in any local depot is falling too low, the attention of the officer in charge should be called to the fact To enable him to check the returns each local Superintendent or Commissioner of Stamps or other officer specified in Rule 33, will be supplied by the Superintendent of Stamps, Calcutta or Bombay, with monthly statements showing the stamps issued to and returned by the local depots subordinate to each

35 Treasury officers and other officers in charge of local depôts shall forward to the local Accountant General or Comptroller such returns of the receipts and sales of stamps as the Comptroller General may direct, in the form of Plus and Minus Memoranda or otherwise

36 Each Superintendent or Commissioner of Stamps, or other officer specified in Rule 33 shall send to the Accountant General or Comptroller such accounts of the transactions of the central and local depots as the Comptroller General may prescribe

39 The Local Governments in Bengal Madras and Bombay shall arrange for a periodical verification by counting of the stock of stamps in the respective central depots The verification shall be carried out in the manner and form prescribed by the Comptroller General to whom the result will be reported

40 The Superintendent of Stamps Calcutta, Madras and Bombay shall forward every month to the Director General of the Post Office a statement showing the balances and receipts in the central depot and the issues to each local depot of postage stamps during the month Each Superintendent or Commissioner of Stamps or other officer specified in Rule 33 shall also send monthly to the Comptroller of the Post Office a statement of the sales during the past month of the several denominations of postage stamps in the local and branch depots subordinate to him Each Accountant General or Comptroller will with his monthly account current with the Examiner of Telegraph Accounts forward a statement showing the total realisations at each treasury from the sales of Telegraph stamps during the month

J A BOURDILLON
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 58A

No 3323J — The 18th July 1893 —Munshi Muhammed Wazir is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Naugaon in the district of Rajshahi, and is vested with the powers of a Magistrate of the third class

No 3325J —The 18th July 1893 —Babu Upendra Nath Ghose is appointed to be an Honorary Magistrate of the Municipal Bench at Dainhat in the district of Burdwan and is vested with the powers of a Magistrate of the third class

No 3327J — The 18th July 1893 —Babu Saroda Prosad Kar is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Kurigram in the district of Rangpur, and is vested with the powers of a Magistrate of the third class

ইষ্টাম্প পাওয়া যায় তাহার যত ইষ্টাম্প মাসের মধ্যে বিক্রয় হয় তাহার এবং মাসের শেষে যত ইষ্টাম্প হাতে থাকে তাহার মূল্য দেখাইতে হইবে। এই সকল বর্ণনাপত্র কলিকাতা মান্দ্রাজ, বা বোম্বাইর ইষ্টাম্পের সুপারিন্টেণ্ডেন্টের নিকট স্থানীয় সুপারিন্টেণ্ডেন্টের বা ইষ্টাম্পের কমিশনর সাহেবের নিকট একেবারে পাঠাইতে পারা যাইবে কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট কোন কর্ম্মচারীর মারফত পাঠাইবার আজ্ঞা করিলে তাঁহার মারফত পাঠাইতে হইবে।

৩৪। কলিকাতার, মান্দ্রাজের বা বোম্বাইর ইষ্টাম্পের সুপারিন্টেণ্ডেন্ট কিম্বা স্থানীয় সুপারিন্টেণ্ডেন্ট বা ইষ্টাম্পের কমিশনর সাহেব অথবা ৩৩ ধারার নির্দ্দিষ্ট অন্য কর্ত্তৃপক্ষ পূর্ব্বের বর্ণনাপত্রের ও সদর ডিপোর হিসাবের সহিত মিলাইয়া এই বর্ণনাপত্র চেক করিবেন এবং ইণ্ডেন্ট চেক করিবার জন্য এবং সকল স্থানীয় ডিপোতে যত ইষ্টাম্প হাতে থাকে তাহা জানিবার জন্য এই সকল বর্ণনাপত্রের ব্যবহার করিবেন। কার্য্যের মাসিক বর্ণনাপত্রে স্থানীয় ডিপোতে কোন প্রকার ইষ্টাম্প যদি হাতে অতি কম থাকিতে দেখা যায় তবে অধ্যক্ষতা কার্য্যের ভারপ্রাপ্ত কর্ম্মচারিকে সেই বিষয়ে মনোযোগ করাইতে হইবে। রিটর্ণ চেক করিতে পারিবার জন্য প্রত্যেক স্থানীয় সুপারিন্টেণ্ডেন্টের বা ইষ্টাম্পের কমিশনর সাহেবের কিম্বা ৩৩ ধারার নির্দ্দিষ্ট অন্য কর্ত্তৃপক্ষের অধীন স্থানীয় ডিপোতে যত ইষ্টাম্প দেওয়া গিয়াছে ও তথা হইতে ফিরিয়া আসিয়াছে তৎপ্রকাশক মাসিক বর্ণনাপত্র কলিকাতার বা বোম্বাইর ইষ্টাম্পের সুপারিন্টেণ্ডেন্ট সাহেব তাঁহাদের প্রত্যেককে দিবেন।

৩৫। ট্রেজরীর কর্ত্তৃপক্ষগণ এবং স্থানীয় ডিপোর ভারপ্রাপ্ত অন্যান্য কর্ত্তৃপক্ষ যোগ বিয়োগের স্মারকলিপির পাঠে বা অন্য প্রকারে কণ্ট্রোলর জেনরল ইষ্টাম্প প্রাপ্তির ও বিক্রয়ের যেরূপ রিটর্ণের নির্দ্দেশ করেন সেইরূপ রিটর্ণ স্থানীয় একাউণ্টাণ্ট জেনরলের বা কণ্ট্রোলরের নিকট পাঠাইবেন।

৩৬। কণ্ট্রোলর জেনরল সদর ও স্থানীয় ডিপোর বিক্রয়াদির যেরূপ হিসাবের নির্দ্দেশ করেন ইষ্টাম্পের প্রত্যেক সুপারিন্টেণ্ডেন্ট বা কমিশনর সাহেব কিম্বা ৩৩ ধারার নির্দ্দিষ্ট অন্য কর্ত্তৃপক্ষ সেইরূপ হিসাব একাউণ্টাণ্ট জেনরল বা কণ্ট্রোলরের নিকট পাঠাইবেন।

৩৭। বঙ্গদেশের মান্দ্রাজের, ও বোম্বাইর স্থানীয় গবর্ণমেন্ট ঐ২ স্থানের সদর ডিপো সকলের ইষ্টাম্প গণনা দ্বারা সময়ে সময়ে মিলাইবার বন্দোবস্ত করিবেন। কণ্ট্রোলর যে প্রকার ও প্রণালীর নির্দ্দেশ করেন সেই প্রকারও সেই প্রণালীতে মিলান হইবে এবং কণ্ট্রোলর জেনরলের নিকট ফল রিপোর্ট করিতে হইবে।

৪। মাসের মধ্যে ডাকের ইষ্টাম্প সদর ডিপোতে যত হাতে থাকে ও পাওয়া যায় ও প্রত্যেক স্থানীয় ডিপোতে যত বাহির করিয়া দেওয়া যায় তৎপ্রকাশক বর্ণনাপত্র কলিকাতা মান্দ্রাজ ও বোম্বাইর ইষ্টাম্পের সুপারিন্টেণ্ডেন্ট পোষ্ট আপিসের ডিরেক্টর জেনরলের নিকট প্রতিমাসে পাঠাইবেন। ইষ্টাম্পের প্রত্যেক সুপারিন্টেণ্ডেন্ট বা কমিশনর সাহেব কিম্বা ৩৩ ধারার নির্দ্দিষ্ট অন্য কর্ত্তৃপক্ষ আরও গত মাসে তাঁহার অধীন স্থানীয় ও শাখা ডিপোতে ভিন্ন ভিন্ন শ্রেণীর ডাকের ইষ্টাম্প যত বিক্রয় হইয়াছিল তাহার এক বর্ণনাপত্র পোষ্ট আফিসের কণ্ট্রোলরের নিকট প্রতিমাসে পাঠাইবেন। প্রত্যেক একাউণ্টাণ্ট জেনরল কিম্বা কণ্ট্রোলর টেলিগ্রাফ একাউণ্টের একজামিনরের সহিত তাঁহার মাসিক চলতি হিসাবের সঙ্গে মাসের মধ্যে প্রত্যেক ট্রেজরীতে টেলিগ্রাফের ইষ্টাম্প বিক্রয় করিয়া মোট যত টাকা আদায় হয় তাহার এক বর্ণনাপত্র পাঠাইবেন।

জে এ বুর্ডিল
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৫৮ \ নম্বর।

৩৩২৩ J নম্বর।—১৮৯৩ সাল ১৮ জুলাই। —শ্রীযুত মুনশী মহম্মদ ওয়াজিব রাজশাহী জিলার অন্তর্গত নৌগাঁস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

৩৩২৫ J নম্বর।—১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত বাবু উপেন্দ্রনাথ ঘোষ বর্দ্ধমান জিলার অন্তর্গত ডাইহাটস্থ মুনিসিপল বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

৩৩২৭ J নম্বর।—১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত বাবু সারদাপ্রসাদ কর রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রামস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটে পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

No 3361J.—*The* 18*th July* 1893.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Benches in the district of the 24 Parganas mentioned opposite their names and are vested with the powers of a Magistrate of the third class:—

Name	Bench
The Revd Joseph B Broadhead	Dum Dum Independent Bench
Babu Jytendra Nath Deb	Sealdah Independent Bench
" Kiran Chunder Roy	
" Roma Nath Ghosh	
" Rakhal Chandra Ghosh	
Syed Yusuff	
Babu Benode Lal Ghosh	Baranagore Independent Bench
" Bidhu Bhusan Mitter	
" Hari Pada Banerjee	
" Charu Chundra Mukherjee	
" Chandra Nath Moitra	
" Hari Das Mukerjee	
Babu Kali Das Roy Chowdhury	Baruipur Municipal Bench
" Mokhoda Prasad Chatterjee	
Babu Ananda Chandra Ghosh	Joynagore Municipal Bench
" Hari Das Dutt	
" Dino Nath Dutt	
Babu Rash Behary Dutt	Gobardanga Municipal Bench
" Janoki Nath Pal	
" Ambica Charan Rakhit	
Babu Ambica Churn Mukherjee	Rajpur Municipal Bench
Babu Chatta Lal Moitra	Khardah Municipal Bench
" Ashutosh Roy	
" Kedar Nath Mukherjee (A)	
" Kali Churn Biswas	
" Permatha Nath Mukherjee	
" Kedar Nath Mukherjee (B)	
" Bhobo Nath Banerjee	
Pandit Jadab Krissan Gossami Vidyaratna	
Babu Aboni Nath Roy	Baduria Municipal Bench
" Rajkumar Bose	
" Troylukya Nath Nag	
" Dino Nath Ghoshal	
" Jadu Nath Bose	
Munshi Nymuddin Ahmed	
" Aijuddin Molla	
Babu Upendra Nath Roy Chowdry	Taki Municipal Bench
" Bejoy Kali Roy Chowdry	
" Prafulla Chandra Ghosh	
" Suchi Runjun Roy Chowdhury	
" Rajani Nath Ghosh	
Munshi Bazlar Rohoman	

৩৩৬১ J নম্বর।—১৮৯৩ সাল ১৮ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলায় আপনং নামের পার্শ্বলিখিত বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

পাদরী শ্রীযুত জোসেফ বি, ব্রডহেড সাহেব	দমদমা স্বাধীন বেঞ্চে।
শ্রীযুত বাবু জিতেন্দ্র নাথ দেব	
,, বাবু কিরণচন্দ্র রায়	
,, বাবু রমানাথ ঘোষ	শিয়ালদহ স্বাধীন বেঞ্চে।
,, বাবু রাখালচন্দ্র ঘোষ	
,, সৈয়দ ইউসফ	
,, বাবু বিনোদলাল ঘোষ	
,, বাবু বিধুভূষণ মিত্র	
,, বাবু হরিপদ বন্দ্যোপাধ্যায়	
,, বাবু চারুচন্দ্র মুখোপাধ্যায়	বরাহনগর স্বাধীন বেঞ্চে।
,, বাবু চন্দ্রনাথ মৈত্র	
,, বাবু হরিদাস মুখোপাধ্যায়	
,, বাবু কালিদাস রায় চৌধুরী	বারুইপুর মুনিসিপল বেঞ্চে।
,, বাবু মোক্ষদাপ্রসাদ চট্টোপাধ্যায়	
,, বাবু আনন্দচন্দ্র ঘোষ	
,, বাবু হরিদাস দত্ত	জয়নগর মুনিসিপল বেঞ্চে।
,, বাবু দীননাথ দত্ত	
,, বাবু রাসবিহারী দত্ত	
,, বাবু জানকীনাথ পাল	গোবরডাঙ্গা মুনিসিপল বেঞ্চে।
,, বাবু অম্বিকাচরণ রক্ষিত	
,, বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায়	রাজপুর মুনিসিপল বেঞ্চে।
,, বাবু চট্টলাল মৈত্র	
,, বাবু আশুতোষ রায়	
,, বাবু কেদারনাথ মুখোপাধ্যায় (ক)	
,, বাবু কালীচরণ বিশ্বাস	খড়দহ মুনিসিপল বেঞ্চে।
,, বাবু প্রমথনাথ মুখোপাধ্যায়	
,, বাবু কেদারনাথ মুখোপাধ্যায় (খ)	
,, বাবু ভবনাথ বন্দ্যোপাধ্যায়	
পণ্ডিত শ্রীযুত যাদবকৃষ্ণ গোস্বামী বিদ্যারত্ন	
শ্রীযুত বাবু অবনীনাথ রায়	
,, বাবু রাজকুমার বসু	
,, বাবু ত্রৈলোক্যনাথ নাগ	
,, বাবু দীননাথ ঘোষাল	বাদুড়িয়া মুনিসিপল বেঞ্চে।
,, বাবু যদুনাথ বসু	
মুনশী নৈমদ্দিন আহম্মদ	
,, আইজুদ্দিন মোল্লা	
শ্রীযুত বাবু উপেন্দ্রনাথ রায় চৌধুরী	
,, বাবু বিজয়কালী রায় চৌধুরী	
,, বাবু প্রফুল্লচন্দ্র ঘোষ	টাকী মুনিসিপল বেঞ্চে।
,, বাবু সুধীরঞ্জন রায় চৌধুরী	
,, বাবু রজনীনাথ ঘোষ	
মুনশী বজলর রহমান	

No 3362*J*—*The* 18*th July* 1893—The Hon ble Mr Lal Mohun Ghosh is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Sealdah in the district of the 24 Pargannas and is vested with the powers of a Magistrate of the second class

He is also authorized to sit singly for the trial of such cases as may be made over to him

H J S Cotton
Chief Secy to the Govt of Bengal

NOTIFICATION—No 2241P

The 18*th July* 1893—It is hereby notified for general information that the Lieutenant Governor has authorised the removal of the head quarters of the Nikli Sub Registry Office in the district of Mymensingh from Nikli to Kattyadi in the registration sub district of Nikli

H J S Cotton
Chief Secy to the Govt of Bengal

NOTIFICATION—No 3304J

The 18*th July* 1893—Under section 3, Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Muhammadan marriages and divorces), the Lieutenant Governor has been pleased to grant a license to Maulvi Tamizuddin Muhammad authorising him to register Muhammadan marriages and divorces and to exercise the other functions of a Muhammadan Registrar within the thana of Ulipur, in the district of Rangpur

H J S Cotton
Chief Secy to the Govt of Bengal

NOTIFICATION—No 3303J

The 18*th July* 1893—Under section 2 Act XII of 1880 (an Act for the appointment of persons to the office of Kazi) the Lieutenant Governor has been pleased to grant a sanad (license) to Maulvi Tamizuddin Muhammad appointing him Kazi of thana Ulipur in the district of Rangpur, for the celebration of marriages and the performance of other rites and ceremonies when application is made to him to perform any such functions

H J S Cotton,
Chief Secy to the Govt of Bengal

NOTIFICATION—No 3346J

The 18*th July* 1893—Under section 3 Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Muhammadan marriages and divorces) the Lieutenant Governor has been pleased to grant a license to Maulvi Muhammad Yaqoob authorising him to register Muhammadan marriages and divorces and to exercise the other functions of a Muhammadan Registrar within the thanas of Bhawanipur Tallyganj and Alipore in the district of the 24 Pargannas

H J S Cotton
Chief Secy to the Govt of Bengal

৩৩৬২ J নম্বর।—১৮৯৩ সাল ১৮ জুলাই।—অনরবিল শ্রীযুত লালমোহন ঘোষ, ২৪ পরগনা জিলার অন্তর্গত শিয়ালদহস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিস্ট্রেটের পদে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা পাইলেন।

তাঁহার প্রতি যেং মোকদ্দমা সমর্পিত হইবে তিনি সেইং মোকদ্দমা বিচারকরণার্থে একক বৈঠক করিবার ক্ষমতা পাইলেন।

এচ্ জে এস্ কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

২২৪৪ P ন বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ময়মনসিংহ জিলার অন্তর্গত নিকলী সব রেজিষ্টরী আফিসের সদর স্থান নিকলীহইতে রেজিষ্টরীকরণ কার্য্যের নিকলী সব ডিষ্ট্রিক্টের অন্তর্গত কট্যাদিতে উঠিয়া যাইবার অনুমতি দিলেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

---

৩৩৪ J ন বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী তমিজুদ্দিন মহম্মদকে লাইসেন্স দিয়া রঙ্গপুর জিলার অন্তর্গত অলিপুর থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্টারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্ জে, এস্ কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

---

৩৩৩ J ন বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী তমিজুদ্দিন মহম্মদকে রঙ্গপুর জিলার অন্তর্গত অলিপুর থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৩৩৪৬ J ন বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী মহম্মদ ইয়াকুবকে লাইসেন্স দিয়া ২৪ পরগনা জিলার অন্তর্গত ভবানীপুর টালিগঞ্জ ও আলিপুর থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্টারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

NOTIFICATION—No 3347J

The 18th July 1893 —Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons to the office of Kazi) the Lieutenant Governor has been pleased to grant a sanad (license) to Maulvi Muhammad Yaqoob appointing him Kazi of thanas Bhawanipur Tallygunge and Alipore in the district of the 24 Parganas, for the celebration of marriages and the performance of other rites and ceremonies when application is made to him to perform any such functions

H J S COTTON,

Chief Secy to the Govt of Bengal

NOTIFICATION—No 33 8J

The 18th July 1893 —Under section 3, Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Muhammadan marriages and divorces), the Lieutenant Governor has been pleased to grant a license to Maulvi Abdus Samad authorising him to register Muhammadan marriages and divorces and to exercise the other functions of a Muhammadan Registrar within thana Satkania in the district of Chittagong

H J S COTTON,

Chief Secy to the Govt of Bengal

NOTIFICATION -No 3593J

The 18th July 1893 —Under section 2 Act XII of 1880 (an Act for the appointment of persons to the office of Kazi) the Lieutenant Governor has been pleased to grant a sanad (license) to Maulvi Abdus Samad, appointing him Kazi of thana Satkania in the district of Chittagong for the celebration of marriages and the performance of other rites and ceremonies when application is made to him to perform any such functions

H J S COTTON

Chief Secy to the Govt of Bengal

৩৩৪৭ J নং বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী মহম্মদ ইয়াকুবকে ২৪ পরগনা জিলার অন্তর্গত ভবানীপুর, টালিগঞ্জ ও আলিপুর থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ জে এস্ কটন্
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৩৩৫৮ J নং বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী আবদুসসমদকে লাইসেন্স দিয়া চট্টগ্রাম জিলার অন্তর্গত সাতকন্যা থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কর্ম্ম করিবার ক্ষমতা দিলেন।

এচ জে, এস কটন
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৩৩৫৯ J নং বিজ্ঞাপন।

১৮৯৩ সাল ১৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী আবদুসসমদকে চট্টগ্রাম জিলার অন্তর্গত সাতকন্যা থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ্ জে এস কটন
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৯৩ সাল ২৫ জুলাই।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৩ সালের ৩রা এপ্রিল তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৩ সালের ১৭ই জুন তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

১৮৯৩ সালের ১ আইন।

ওয়ারহৌসের লাইসেন্স দিবার নিমিত্ত ও অগ্নি নিবারক দল রক্ষা করণার্থ আইন।

সূচীপত্র।

সূচনা।

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

দ্বিতীয় অধ্যায়।

লাইসেন্সপ্রাপ্ত ওয়ারহৌস বিষয়ক বিধি।

তৃতীয় অধ্যায়।

দণ্ডের বিধি।

চতুর্থ অধ্যায়।

ফণ্ড সম্বন্ধীয় বিধি।

পঞ্চম অধ্যায়।

অগ্নিনির্বাপক দল বিষয়ক বিধি।

ষষ্ঠ অধ্যায়।

আতশবাজী প্রভৃতি সম্বন্ধীয় বিধি।

সপ্তম অধ্যায়।

বিবিধ বিধি।

তফসীল —

ওয়ারহৌসের লাইসেন্স দিবার নিমিত্ত ও অগ্নি নির্বাপক দল রক্ষা করণার্থ আইন।

যে হেতু ওয়ারহৌসের লাইসেন্স দিবার নিমিত্ত ও অগ্নিনির্বাপক দল রক্ষা করণার্থ ব্যবস্থা করা বিহিত, অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা যাইতেছে।--

সূচনা।

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। (১) এই আইনটী লাইসেন্সপ্রাপ্ত ওয়ার হৌস ও অগ্নিনিবাপক দল বিষয়ক ১৮৯৩ সালের আইন নামে অভিহিত হইতে পারিবে।

নাম ও খাটিবার ও আর স্তের কথা।

(২) এই আইন কলিকাতার মুনিসিপল আইন স গ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনের নির্দ্দিষ্ট অর্থানু যায়িক কলিকাতায় এব ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন উপস্থিত সময়ে কলিকাতার শাখানগরের যে যে অ শে প্রচলিত আছে সেই সেই অংশে এব হাবড়া মুনিসিপালিটীতে ও কলিকাতা বা হাবড়ার নিকটবর্ত্তী অপর যে কোন মুনিসিপালিটীতে কলিকাতা গেজেটে প্রকাশিত স্থানীয় গবর্ণমেন্টের আদেশক্রমে এই আইনের বিধান প্রচলিত হয় সেই মুনিসিপালিটীতে চলিবে।

(৩) এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহিত যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে প্রবল হইবে।

২ ধারা। (১) ১৮৮৩ সালের ৪ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

রহিত করিবার কথা।

(২) কিন্তু উক্ত আইনক্রমে যে সমুদয় বিধি ও আজ্ঞা ও নির্দেশ ও আয়ব্যয় বিষয়ক বন্দোবস্ত ও নিয়োগ করা হইয়া এক্ষণে বলবৎ আছে তাহা যতদূর এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয় ততদূর এই আইনানুসারে করা হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

চাইব ব দযা।

৩ ধারা। বিষয় বা স যুক্ত বাক্যাবলীতে বিপরীত ভাব প্রকাশ না পাইলে এই আইনে—

অর্থকরণের কথা।

(১) "বস্তি ভূমি" বলিতে অধিকারী যে ভূমি খোলার ঘর নির্ম্মাণ করিবার জন্য এই প্রকারে ভাড়া দেন যে ভূমির প্রজা খোলার ঘরের অধিকারী হইয়া থাকেন সেই ভূমি বুঝাইবে। এব 'খোলার ঘর' বলিতে ঐরূপ ভূমির উপর ইট, মাটি বা অপর যে কোন জিনিস দিয়া টালি দিয়া বা অন্য কোন রকমে ছাওয়া যে কোন ঘর নির্ম্মিত হয় সেই ঘরও বুঝাইবে।

(২) "তূলা" বলিতে এলো আদত তূলা বুঝাইবে।

(৩) "পাট' বলিতে এলোই হউক বা গাঁইট বন্ধই হউক আদত পাটকে ও পাটের এলো গোড়াকাটা ও ছাটকে বুঝাইবে।

(৪) "ম্যাজিষ্ট্রেট" বলিতে প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট ও প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটকেও বুঝাইবে।

(৫) 'ব্যক্তি' বলিতে অবিভক্ত হিন্দু পরিবার, কার্ম্ম বা কোম্পানি কিম্বা করপোরেট হউক বা না হউক লোকসমিতিকেও বুঝাইবে।

(৬) "পোলীসের কমিশনর" বলিতে কলিকাতার পোলীস বিষয়ক ১৮৬৬ সালের আইন ও ঐ আইন স শোধনকারী কোন আইন অনুসারে কলিকাতা নগরের পোলীসের কার্য্যনির্ব্বাহের ভার যে কর্ম্মচারির প্রতি অর্পিত হয় সেই কর্ম্মচারিকে বুঝাইবে।

(৭) "কমিশনরগণ' শব্দে কলিকাতা সম্বন্ধে কলিকাতার কর্পরেশন এব হাবড়া ও অপর যে সকল মুনিসিপালিটিতে এই আইন খাটে বা পরে প্রচলিত হইবে তৎসম্বন্ধে সম্পর্কযুক্ত প্রত্যেক মুনিসিপালিটীর মুনিসিপল কমিশনরগণকে বুঝাইবে।

(৮) পাট, তূলা, রজন, বার্নিস পীচ, তার, শুষ্ক ঘাস, খড় নেকড়া, চবি কাষ্ঠ কিম্বা অপর যে কোন আশুদাহ্য দ্রব্য বা বস্তু উপস্থিত সময়ে এই আইনের বিধানের অধীন হয় তাহা সঞ্চিত করিবার বা ঘাঁত দেওয়াইবার বা রাখিবার জন্য যে কোন বিলডি বা স্থানের ব্যবহার হয় 'ওয়ারহৌস' শব্দে সেই বিলডি বা স্থান বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়।

লাইসেন্সপ্রাপ্ত ওয়ারহৌস বিষয়ক বিধি।

৪ ধারা। এই আইনের আরম্ভ হইতে ও আরম্ভ হইবার পর কোন বিলডি বা স্থানের মালিক বা দখীলকার অগ্রে কমিশনরগণের নিকট হইতে ঐ বিলডিং বা স্থান এই আইনানুসারে ওয়ারহৌস স্বরূপ ব্যবহার হইবার লাইসেন্স প্রাপ্ত না হইলে উহা ঐরূপ ব্যবহার করা যাইবে না।

লাইসেন্স না লওযা পর্য্যন্ত ওয়ারহৌস ব্যবহার না করিবার কথা।

৫ ধারা। এই আইনের আরম্ভ হইবার সময়ে যে বিলডি বা স্থানের নিমিত্ত পাটের গুদাম ও ফাইর ব্রিগেড বিষয়ক ১৮৭২ সালের আইন বা পাটের গুদাম ও অগ্নি নিবাপক দল বিষয়ক ১৮৭৯ সালের আইন কিম্বা লাইসেন্সপ্রাপ্ত গুদাম ও অগ্নিনিবাপক দল বিষয়ক ১৮৮৩ সালের আইন অনুসারে প্রদত্ত কোন লাইসেন্স থাকে সেই বিলডিং বা স্থানের মালিক বা দখীলকার কমিশনরগণের চেয়ারম্যানের নিকট লিখিয়া দরখাস্ত করিলে পরে যে ফীব বিধান করা হইল কমিশনরগণকে

অগ্রে লাইসেন্স করা বিলডিঙ বা স্থানের লাইসেন্সের কথা।

বার্ষিক সেই ফী দিবার নিয়মাধীনে কমিশনরগণের নিকট হইতে ঐ বিলডিং বা স্থানের জন্য এই আইন মত ওয়ারহৌস বলিয়া লাইসেন্স পাইবার অধিকারী হইবেন।

নূতন ওয়ারহৌসের লাইসেন্সের কথা।

৬ ধারা। যে যে স্থানে এই আইন খাট বা পরে প্রচলিত হইবে কোন ব্যক্তি সেই সেই স্থানের মধ্যে কোন বিলডিং বা স্থান ওয়ারহৌস স্বরূপ ব্যবহার করিবার ইচ্ছা করিলে এবং এই আইন আরম্ভ হইবার সময়ে উক্ত পূর্ব্বলিখিত পূর্ব্বের কোন আইন অনুসারে তাঁহার লাইসেন্স না থাকিলে, তিনি উহার জন্য লাইসেন্সের দরখাস্তের সহিত ৮ ফুটে ১ ইঞ্চি ইস্কেলে ঐ বিলডিং বা স্থানের দোকর নক্সা প্রস্তুত করাইয়া এবং তাহাতে নিম্নলিখিত বিষয় অর্থাৎ —

(ক) ঐ বিলডিং বা স্থানের সীমানা—

(খ) ওয়ারহৌসের যে সকল ইঞ্জিন ও ফর্ণেসের ব্যবহার হয় বা ব্যবহার হইবার প্রস্তাব করা হয় তাহারা কোথায় কোনটি আছে।—

(গ) ওয়ারহৌসে গাড়ীতে মাল বোঝাই দিবার ও গাড়ী হইতে মাল নামাইবার জন্য জায়গা রাখা হইয়া থাকিলে যত জায়গা রাখা হয় —

দেখাইয়া কমিশনরগণের চেয়ারমানের নিকট পাঠাইয়া দিবেন। এবং তাহা হইলে কমিশনরগণের চেয়ারমান পরে যে ফীর বিধান করা হইল কমিশনরগণকে বার্ষিক সেই ফী দিবার নিয়মাধীনে আপন বিবেচনা অনুসারে কমিশনরগণের নিকট হইতে ঐ ওয়ারহৌসের নিমিত্ত এই আইনমত ওয়ারহৌস বলিয়া লাইসেন্স দিতে কিম্বা ঐ ওয়ারহৌসের নিমিত্ত লাইসেন্সের দেওয়া অস্বীকার করিতে পারিবেন।

কিন্তু যখন লাইসেন্স দেওয়া অস্বীকার করা হয় তখন অস্বীকার করিবার হেতু লিপিবদ্ধ করিতে হইবে।

যে সময়ের মধ্যে লাইসেন্সের দরখাস্তের নিষ্পত্তি করিতে হইবে তাহার কথা।

৭ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারামত লাইসেন্সের নিমিত্ত প্রত্যেক দরখাস্ত কমিশনরগণের চেয়ারমান যে তারিখে প্রাপ্ত হন সেই তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে উহার নিষ্পত্তি করিতে হইবে এবং ঐ কালের মধ্যে নিষ্পত্তি করা না হইলে যে বিলডিং বা স্থান সম্বন্ধে ঐরূপ দরখাস্ত করা হয় উক্ত ত্রিশ দিন কাল অতীত হইবার পর সেই বিলডিং বা স্থান ওয়ারহৌস স্বরূপ ব্যবহার হইবার জন্য যত দিন কমিশনরগণের চেয়ারমানের স্বাক্ষরিত ও দরখাস্ত চূড়ান্তরূপে অগ্রাহ্য করিবার হেতু প্রকাশক লিখিত হুকুম ক্রমে ঐ দরখাস্ত চূড়ান্তরূপে অগ্রাহ্য করা না হয় তত দিন দরখাস্তকারীর এই আইন অনুসারে কোন অর্থদণ্ড হইতে পারিবে না।

লাইসেন্সের মিয়াদ ও নিয়মের কথা।

৮ ধারা। এই আইনের ৬ ধারামত লাইসেন্স হয় চি কালের জন্য নয় কমিশনরগণের চেয়ারমান যত বৎসর মিয়াদের জন্য দেওয়া উপযুক্ত বিবেচনা করেন তত বৎসর মিয়াদের জন্য দেওয়া যাইতে পারিবে এবং নিম্নলিখিত নিয়মের অধীন হইবে, অর্থাৎ —

(১) ওয়ারহৌস সকল সময়েই পোলীসের কমিশনর সাহেব কর্ত্তৃক নিযুক্ত কোন কর্ম্মকারী পরিদর্শন করিতে পারিবেন। ঐ কর্ম্মচারী অগ্নি নির্বাপক দলের একজন মেম্বর হইবেন কিন্তু কোন পোলীস দলের মেম্বর হইবেন না।

(২) লাইসেন্স সম্বন্ধে যে বার্ষিক ফী ধার্য্য করা যায় তাহা তজ্জন্য যেরূপ ব্যবস্থা করা হইয়াছে সেইরূপে দিতে হইবে।

চেয়ারমানের ক্ষমতা বিশেষ কমিটীর পরিচালন করিতে পারিবার কথা।

৯ ধারা। (১) কমিশনরগণের চেয়ারমানের সম্মতি সহকারে সভাগত কমিশনরগণ তিন জনের অন্যূন ও পাঁচ জনের অনধিক যে কয়েক জনকে তদর্থে নিযুক্ত করেন সেই কয়েক জন লইয়া কমিশনরগণের কোন বিশেষ কমিটী কমিশনরগণের চেয়ারমানের প্রতি অর্পিত এই আইনমত সকল বা কোন ক্ষমতা ও বিবেচনামত কার্য্য করিবার অধিকার পরিচালন করিতে পারিবেন।

(২) ঐরূপ কমিটীর কার্য্য সভাগত কমিশনরগণের নিকট উপস্থিত করিতে হইবে না কিম্বা তাহাদের কর্ত্তৃক পুনরালোচিত হইবার নিয়মাধীন হইবে না।

লাইসেন্সের বার্ষিক ফীর কথা।

১০ ধারা। মুনিসিপল টাক্স দিবার সম্বন্ধে ওয়ারহৌসের যত বার্ষিক মূল্য অবধারিত হয় তাহা হইতে অগ্নি নিবারণ বা অগ্নিনির্বাপন করণার্থ ওয়ারহৌসস্থিত বা ওয়ারহৌস সংক্রান্ত সকল উপায় ও সরঞ্জাম সম্বন্ধে কৃত খরচের শতকরা দশ টাকা হিসাবে বাদ দিয়া যত টাকা হয় কোন লাইসেন্স সম্বন্ধে দেয় বার্ষিক ফী সেই টাকার শতকরা দশ টাকার অধিক হইবে না।

কিন্তু কোন লাইসেন্সের জন্য কোন মালিক বা দখীলকারের যে বার্ষিক ফী দিতে হইবে তাহা সাত শত পঞ্চাশ টাকার অধিক হইবে না এবং ঐরূপ ফী হইতে আনুমানিক মোট যত টাকা প্রতি বৎসর উঠিতে হইবে তাহা এই আইনের ছাব্বিশ ধারার উল্লিখিত বজেটে অগ্নিনির্বাপক দলের জন্য যে খরচ প্রদর্শিত হয় সেই খরচ কুলাইবার জন্য আবশ্যক টাকার শতকরা পঞ্চাশ টাকার অধিক হইবে না।

এবং নিকটস্থ ওয়ারহৌস ও ঐরূপ ওয়ারহৌস সংক্রান্ত গুদাম ইয়ার্ড বা কম্পৌণ্ডের মালিক বা দখীলকার ঐ সকল ওয়ারহৌস গুদাম ইয়ার্ড বা কম্পৌণ্ডের জন্য একাধিক লাইসেন্স লইতে বাধ্য হইবেন না।

১১ ধারা। যখনই ও যতবার কোন ওয়ারহৌসের দখীলকার পরিবর্ত্তন হয় তখ নই ও তত বার যে ব্যক্তি তাহা নূতন দখল করিয়া লন তিনি ঐ দখল লইবার তারিখ হইতে দুই সপ্তাহের মধ্যে কমিশনরগণের চেয়ারমানের নিকট পত্র লিখিয়া এরূপ দখীলকার পরিবর্ত্তন হইবার স বাদ দিয়া কমিশনরগণকে পাঁচ টাকা ফী দিবেন। তাহা হইলে ঐ ওয়ারহৌস সম্বন্ধে লাইসেন্স পত্রের মধ্যে পূর্ব্ব দখীলকারের নামের পরিবর্ত্তে দখীলকার বলিয়া তাঁহার নাম লেখা যাইবে।

ওয়ারহৌসের দখীলকার পরিবর্ত্তন হইলে নোটিস দিবার কথা।

১২ ধারা। (১) কোন ওয়ারহৌসের লাইসেন্স যে সকল নিয়মের অধীন হইবে লাইসেন্সধারী তাহার কোন নিয়ম ভঙ্গ করিয়াছেন কমিশনরগণের চেয়ারমান বিশ্বাসযোগ্য এইরূপ স বাদ পাইলে কেন ঐ লাইসেন্স রহিত বা স্থগিত করা হইবে না ইহার কারণ দেখাইবার জন্য লাইসেন্স ধারীর নামে সমন বাহির হইবার নিমিত্ত তিনি ঐ স বাদের মর্ম্ম প্রকাশ করিয়া কোন মাজিষ্ট্রেটের নিকট লিখিয়া দরখাস্ত করিতে এব মোকদ্দমার শুনানির অপেক্ষায় ইতি মধ্যে লাইসেন্স স্থগিত করিবার নিমিত্ত ঐ মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিতে পারিবেন।

ওয়ারহৌসের লাইসেন্স স্থগিত করণার্থ চেয়ারমানের মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করিতে পারিবার কথা।

(২) গুরুতর আসন্ন বিপদ বা অপকার নিবারণার্থ লাইসেন্স স্থগিত করিবার আদেশ করা আবশ্যক মাজিষ্ট্রেটের এরূপ প্রতীতি না হইলে তিনি লাইসেন্স স্থগিত করিবার আদেশ করিবেন না।

(৩) ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনে যে প্রকারে সমন জারী করিবার ব্যবস্থা করা হইয়াছে এই ধারানুসারে যে সমন বাহির করা যায় তাহা সমনের লিখিত উক্ত লাইসেন্সধারীর উপর সেই প্রকারে জারী করিতে হইবে।

১৩ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে রুজু করা মোকদ্দমা যে মাজিষ্ট্রেটের নিকট নিষ্পত্তির জন্য উপ স্থিত করা হয় যদি সাক্ষ্য গ্রহণ করিবার পর তাঁহার এরূপ প্রতীতি হয় যে লাইসেন্স রহিত বা স্থগিত করি বার যুক্তিযুক্ত ও উপযুক্ত হেতু আছে তাহা হইলে তিনি ঐ লাইসেন্স রহিত করিতে পারিবেন কিম্বা যত কালের জন্য উপযুক্ত বিবেচনা করেন তত কালের জন্য উহা স্থগিত হইবার আদেশ করিতে পারিবেন এব ওয়ারহৌসের লাইসেন্স দিবার জন্য এই আই নের বিধানের সহিত সঙ্গত হয় ঐ রহিত বা স্থগিত করিবার আদেশের অন্যথাকরণ সম্বন্ধে এরূপ নিয়ম স্থাপন করিতে পারিবেন

মাজিষ্ট্রেটের লাইসেন্স রহিত বা স্থগিত করিতে পারিবার কথা।

তৃতীয় অধ্যায়।

দণ্ডের বিধি।

১৪ ধারা। কোন ব্যক্তি লাইসেন্স না লইয়া যদি কোন বিলডি বা স্থান ওয়ারহৌস স্বরূপ ব্যবহার করেন তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই দোষ প্রমাণ হইলে তিনি যত দিন ঐ ওয়ারহৌস ব্যবহার করেন বা করিতে থাকেন তাহার দিন প্রতি ঐ ব্যক্তির অনধিক পঞ্চাশ টাকা জরিমানা হইতে পারিবে।

লাইসেন্স না লইবার দণ্ডের কথা।

১৫ ধারা। যে ওয়ারহৌসের লাইসেন্স দিতে অস্বী কার করা হইয়াছে কোন ব্যক্তি তাহা ব্যবহার করিলে কিম্বা যে ওয়ারহৌসের লাইসেন্স রহিত করা হইয়াছে রহিত করিবার পর কিম্বা লাইসেন্স স্থগিত করা গেলে স্থগিত থাকিবার সময়ের মধ্যে তাহার ব্যবহার করিলে, মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার অনধিক দুইশত টাকা জরিমানা হইতে পারিবে। তদ্ভিন্ন যতদিন ঐ ওয়ারহৌসের পূর্ব্বোক্ত মত ব্যবহার হয় তাহার দিন প্রতি ঐ ব্যক্তির অনধিক পঞ্চাশ টাকা জরিমান হইতে পারিবে।

লাইসেন্স দিতে অস্বীকার প্রভৃতি হইলে পর ওয়ারহৌস ব্যবহার করিলে দণ্ডের কথা।

১৬ ধারা। কোন ওয়ারহৌসের লাইসেন্স যে সকল নিয়মাধীনে রাখা যায় কোন লাইসেন্সধারী তন্মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তদ্রূপ কোন এক অপরাধ হেতুক তাঁহার অনধিক পঞ্চাশ টাকা জরিমানা হইতে পারিবে।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘন হইলে দণ্ডের কথা।

১৭ ধারা। কোন ওয়ারহৌসের দখীলকার পরি বর্ত্তন হইলে এব যতবার পরিবর্ত্তন হয় ততবার এই আইনের ১১ ধারায় যে নোটিস ও ফী দিবার আজ্ঞা হইল নূতন দখীলকার সেই নোটিস ও ফী না দিলে, মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তিনি যত দিন ঐ ওয়ারহৌস ব্যবহার করেন বা করিতে থাকেন তাহার দিন প্রতি তাঁহার অনধিক দশ টাকা জরিমানা হইতে পারিবে।

ওয়ারহৌসের দখীলকার পরিবর্ত্তন হইলে নোটিস দিতে শৈথিল্য করিবার দণ্ডের কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি কমিশনরগণের চেয়ার মানকে এই আইনের বার ধারানুসারে কার্য্য করণার্থ লওয়াইবার জন্য তাঁহাকে মিথ্যা স বাদ দিলে মাজিষ্ট্রে টের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার অনধিক পঞ্চাশ টাকা জরিমানা হইতে পারিবে।

লাইসেন্স সম্বন্ধে চেয়ারমানকে মিথ্যা সংবাদ দিবার দণ্ডের কথা।

বিলডিঙের ছাদে আশুদাহ্য দ্রব্য প্রস্তুত প্রভৃতি করিবার দণ্ডের কথা।

১৯ ধারা। যে কোন আশুদাহ্য দ্রব্য বা বস্তু উপস্থিত সময়ে এই আইনের বিধানের অধীন হয় কোন ওয়্যারহৌসের মালিক বা দখীলকার ঐ ওয়ারহৌসের অংশ স্বরূপ কোন বিলডিঙের উপরিভাগে বা ছাদে তদ্রূপ কোন আশুদাহ্য দ্রব্য বা বস্তু প্রস্তুত বা শুষ্ক করিলে কিম্বা প্রস্তুত বা শুষ্ক করাইলে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তদ্রূপ কোন এক অপরাধ হেতুক তাঁহার পঞ্চাশ টাকার অনধিক জরিমানা হইতে পারিবে।

পাট বা তুলার যাত দেওয়াইবার জন্য ব্যবহৃত কোন ওয়ারহৌসের বাসস্থান স্বরূপ ব্যবহারের দণ্ডের কথা।

২০ ধারা। যে ওয়ারহৌস পাট বা তুলার যাত দেওয়াইবার জন্য বা গাঁইট কসিবার জন্য ব্যবহৃত হয় যদি পাট বা তুলা সেই সময়ে ঐ ওয়ারহৌসে সঞ্চিত থাকে তবে কোন ব্যক্তি তাহার কোন অংশ বাসস্থান স্বরূপ ব্যবহার করিলে, মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তিনি যত দিন সেখানে বাস করেন তাহার দিন প্রতি তাঁহার অনধিক দশ টাকা জরিমানা হইতে পারিবে।

ওয়ারহৌসে দেশলাই বা তৈয়ারি করা আলো ব্যবহার করিবার দণ্ডের কথা।

২১ ধারা। কোন ব্যক্তি পাট বা তুলার যাঁত দেওয়াইবার জন্য বা গাঁইট কসিবার জন্য ব্যবহৃত কোন ওয়ারহৌসে পাট বা তুলা সেই সময়ে ঐ ওয়ারহৌসে সঞ্চিত থাকিলে যদি কোন দেশলাই বা উপযুক্ত ও সম্পূর্ণরূপে আবৃত নয় এরূপ কোন তৈয়ারি করা আলো আনয়ন বা ব্যবহার করেন তাহা হইলে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে, তদ্রূপ কোন এক অপরাধ হেতুক তাঁহার অনধিক দশ টাকা জরিমানা হইতে পারিবে।

ওয়ারহৌসের মধ্যে ধূমপান করিবার দণ্ডের কথা।

২২ ধারা। কোন ব্যক্তি পাট বা তুলার যাত দেওয়াইবার জন্য বা গাঁইট কসিবার জন্য ব্যবহৃত কোন ওয়ারহৌসে, পাট বা তুলা সেই সময়ে ঐ ওয়ারহৌসে সঞ্চিত থাকিলে যদি ধূম পান করেন তবে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তদ্রূপ কোন এক অপরাধ হেতুক তাঁহার অনধিক দশ টাকা জরিমানা হইতে পারিবে।

চতুর্থ অধ্যায়।

ফণ্ড সম্বন্ধীয় বিধি।

কমিশনরগণের অগ্নিনির্বাপক দলের খরচ নির্ব্বাহ করিতে হইবার কথা।

২৩ ধারা। পোলাসের কমিশনরের বজেটে অগ্নিনির্বাপক দলের খরচ নির্ব্বাহ করিবার নিমিত্ত যত টাকা আবশ্যক বলিয়া প্রদর্শিত হয় কমিশনরগণ পোলাসের কমিশনরকে ছয় ছয় মাস অন্তর মে ও নবেম্বর মাসে এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে পরিমাণের নির্দ্দেশ করেন তত টাকা সেই পরিমাণে দিবেন।

অগ্নিনির্বাপক দলের খরচ যেরূপে নির্ব্বাহ করিতে হইবে তাহার কথা।

২৪ ধারা। কমিশনরগণ এই আইনের দশ ধারানুসারে লাইসেন্সের জন্য দেয় বার্ষিক ফী সমস্ত ওয়ারহৌসের উপর হারহারি মতে বসাইবেন এবং ঐরূপ বার্ষিক ফী হইতে যত টাকা লব্ধ হয় তাহা ও এই আইন অনুসারে দণ্ড স্বরূপ যে অর্থ দিবার ও যে জরিমানা দিবার হুকুম হয় ও যে সকল রেট আদায় করা হয় তৎসমুদয় অগ্নিনির্বাপক দলের খরচের জন্য গ্রহণ করিবেন।

অগ্নিনির্বাপক দলের খরচের বিধান করণার্থ রেট ও আদায় করিতে পারিবার কথা।

২৫ ধারা। (১) কমিশনরগণ অগ্নিনির্বাপক দলের খরচের আরো বিধান করিবার নিমিত্ত নিম্নলিখিত রেটগুলি আদায় করিতে পারিবেন —

(ক) এই আইনের তিন ধারার (৮) দফায় যে আশুদাহ্য দ্রব্য বা বস্তুর বিশেষ রূপে উল্লেখ নাই তদ্রূপ অপর যে কোন দ্রব্য বা বস্তুকে স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া রেট দিবার যোগ্য বলিয়া ব্যক্ত করেন তদ্রূপ দ্রব্য বা বস্তু সঞ্চিত করিয়া রাখিবার জন্য ব্যবহৃত কোন বিলডিং বা স্থানের মুনিসিপল টাক্স দিবার সম্বন্ধে যে বার্ষিক মূল্য অবধারিত হয় সেই বার্ষিক মূল্যের উপর অনধিক শতকরা আড়াই টাকা হিসাবে একটী রেট।

কিন্তু কোন বিলডিং বা স্থান সম্বন্ধে কোন মালিক বা দখীলকারের এই দফানুসারে যে রেট দিতে হইবে তাহা একশত টাকার অধিক হইবে না।

(খ) উপরে খোলার ঘর থাকিলে সেই খোলার ঘর সুদ্ধ সকল বস্তি ভূমির মুনিসিপল টাক্স দিবার সম্বন্ধে যে বার্ষিক মূল্য অবধারিত হয় সেই বার্ষিক মূল্যের উপর অনধিক শতকরা আট আনা হিসাবে একটি রেট।

(গ) ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন ও কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনের বিধানানুসারে সমস্ত বাড়ী ও ভূমির অবধারিত বার্ষিক মূল্যের উপর অনধিক শতকরা দুই আনা হিসাবে একটি সাধারণ রেট।

(২) যে কোন বিলডিং বা স্থান সম্বন্ধে এই আইন অনুসারে ওয়ারহৌস বলিয়া লাইসেন্স দেওয়া হইয়াছে বা (ক) দফানুসারে যাহার মূল্য অবধারিত হইয়াছে, এবং (খ) দফানুসারে যে বস্তি ভূমির মূল্য অবধারিত হইয়াছে (গ) দফানুসারে তাহার আর মূল্য অবধারিত হইবে না।

২৬ ধারা। (১) পরবর্ত্তী আপ্রিল মাসের প্রথম দিবসে যে বৎসরের আরম্ভ হয় সেই বৎসরের অগ্নিনির্ব্বাপক দলের বজেট বা আয় ব্যয়ের অনুমানপত্র পোলীসের কমিশনর বৎসর বৎসর ফেব্রুয়ারি মাসে বা তৎপূর্ব্বে প্রস্তুত করিবেন। এবং ঐ বজেটের আয়ের মধ্যে ভিন্ন ভিন্ন যে সকল মুনিসিপালিটীতে এই আইন প্রচলিত আছে বা পরে প্রচলিত হইবে সেই ভিন্ন ভিন্ন মুনিসিপালিটী আপন আপন দেয় অংশ স্বরূপ যত টাকা চাঁদা দিবেন তাহা পৃথক করিয়া দেখাইবেন এবং অগ্নিনির্বাপক দলের ফণ্ডের উপর যে কোন আইন সঙ্গত চার্জ থাকে তাহার বিধান করিবার পর আয়ের কোন বাকী টাকা ব্যয় না হইয়া থাকিলে সেই বাকী টাকা দেখাইবেন এবং টাকার অকুলান হইলেও তদ্রূপে পূর্ব্ব বৎসরের শেষে সেই অকুলান হওয়া টাকা দেখাইবেন। এবং সম্পর্কযুক্ত মুনিসিপালিটী সকলের এই আইন অনুসারে বৎসর বৎসর যে টাকা চাঁদা দিতে হইবে সেই টাকা স্থির করিয়া দিবার সময় স্থানীয় গবর্ণমেণ্ট ঐরূপ সকল বাকী জমা বা বাকী খরচের টাকা হিসাবের মধ্যে ধরিবেন।

পোলীসের কমিশনরের প্রতিবৎসর অগ্নিনির্বাপক দলের বজেট বা আয় ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিবার কথা।

(২) উক্ত বজেট অধিবেশনে সমাগত কমিশনরগণের সম্মুখে উপস্থিত করিতে হইবে এবং তাঁহারা যে মন্তব্য লিপিবদ্ধ করা উচিত বোধ করেন সেই মন্তব্যের সহিত উহা স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন। বজেটে যে টাকা লিখিত থাকে স্থানীয় গবর্ণমেণ্ট তাহার সমুদয় বা কোন এষ্টিমেট অনুমোদন বা পরিবর্ত্তন বা অগ্রাহ্য করিতে পারিবেন।

২৭ ধারা। এই আইন প্রবল হইবার সময় উপরিলিখিত মুনিসিপালিটী গুলির ওয়ারহৌস ফণ্ডে কিম্বা ১৮৮৩ অব্দের সালের ৪ আইনের বিধানানুসারে অগ্নিনির্বাপক দল রক্ষার্থ গৃহীত কোন ফণ্ডে যত টাকা জমা থাকে তাহা এই আইনানুসারে অগ্নিনির্বাপক দল সম্বন্ধীয় ফণ্ডের পাওনা টাকা স্বরূপ গৃহীত হইবে।

অগ্নিনির্বাপক দল সম্বন্ধীয় ফণ্ডের পাওনা স্বরূপ যে টাকা গ্রহণ করিতে হইবে তাহার কথা।

২৮ ধারা। ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন এবং কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনানুসারে যে সকল রেট গ্রহণ করা যায় ক্রমান্বয়ে সেই সকল রেটের আদায় সম্বন্ধীয় ঐ ঐ আইনের বিধান এই আইনের সহিত যতদূর সঙ্গত হয় ততদূর এই আইনের পঁচিশ ধারানুসারে গৃহীত রেট আদায়ের সম্বন্ধে খাটিবে।

২৫ ধারানুসারে যে রেট গ্রহণ করা যায় তাহা আদায় করিবার প্রণালীর কথা।

কিন্তু এই আইনক্রমে কলিকাতায় যে রেট আদায় হয় তাহা কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনের একশত এক ধারায় একটি সম্মিলিত রেট বলিয়া যে চারিটী রেটের উল্লেখ আছে তাহার মধ্যে ধরিতে হইবে।

২৯ ধারা। যে সকল মুনিসিপালিটীতে এই আইন প্রচলিত আছে বা পরে প্রচলিত হইবে সেই সকল মুনিসিপালিটীর কমিশনরগণের অগ্নিনির্বাপক দলের খরচ দিবার যে পরিমাণ দায়িত্ব থাকিবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা ধার্য্য করিতে পারিবেন এবং যে কোন বা যে সমস্ত মুনিসিপালিটী উপস্থিত সময়ে এই আইনের বিধানের অধীন আছে সেই বা সেই সমস্ত মুনিসিপালিটীর কমিশনরগণ যে যে পরিমাণে উক্ত টাকা দিবার দায়ী সময়ে সময়ে সেই সেই পরিমাণ পরিবর্ত্তন করিতে পারিবেন।

অগ্নিনির্বাপক দলের খরচের যে পরিমাণ দায়িত্ব কমিশনরগণকে বহন করিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্টের তাহা ধার্য্য করিবার কথা।

পঞ্চম অধ্যায়।

অগ্নিনির্বাপক দল বিষয়ক বিধি।

৩০ ধারা। পোলীসের কমিশনর সাহেব যে সকল মুনিসিপালিটী বা উহাদের যে সকল অংশ উপস্থিত সময়ে এই আইনের বিধানের অধীন আছে তন্নিমিত্ত একটি কার্য্যকর অগ্নিনির্বাপক দল রাখিবেন।

পোলীসের কমিশনরের মুনিসিপালিটীগুলির জন্য অগ্নিনির্বাপক দল রাখিবার কথা।

৩১ ধারা। (১) নিম্নলিখিত বিষয়ের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যদ্রূপ বিহিত জ্ঞান করেন তদ্রূপ সাধারণ কি বিশেষ আজ্ঞা করিতে ও করা হইলে তাহা পরিবর্ত্তিত কি রহিত করিতে পারিবেন।

অগ্নিনির্ব্বাপক দল সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

উক্ত দলের কোন কর্ম্মচারী কি কর্ত্তৃপক্ষকে নিযুক্ত কি অপসারিত করিবার নিমিত্ত।

যদ্রূপ উচিত বিবেচনা করেন অগ্নিনির্ব্বাপকদলকে তদ্রূপ দমকল ও আগুন হইতে মুক্তি প্রাপ্তির যন্ত্র ও ঘোড়া ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার যোগাইবার নিমিত্ত।

উক্ত দল ও কল ও ঘোড়া ও তৎসম্পর্কীয় অন্যান্য দ্রব্য রাখিবার আড্ডা নির্ম্মাণ কি বিধান কি স্থান ভাড়া করিবার নিমিত্ত।

কোন ব্যক্তি আগুন লাগিবার সংবাদ দিলে কিম্বা আগুন লাগিবার সময়ে অগ্নিনির্বাপক দলকে কার্য্যকররূপে সাহায্য করিলে তাহাকে পুরস্কার দিবার নিমিত্ত।

ঐ দলের অন্তর্গত ব্যক্তিদের সুশিক্ষা ও সুশাসন ও সদাচরণ ও বেতন ও পেনশনের নিমিত্ত।

আগুন লাগিবার কথা শুনিবামাত্র কল এবং আবশ্যক সকল যন্ত্র লইয়া ঐ কর্ম্মচারিদের ত্বরায় উপস্থিত হইবার নিমিত্ত।

এই আইন যে যে স্থানে বর্ত্তে, সেই সেই স্থানের সীমার নিকটবর্ত্তী স্থানে অগ্নি নির্বাপনার্থে উক্ত সীমার বাহিরে উক্ত দল ও কল ও তৎসংক্রান্ত দ্রব্যাদি পাঠা হবার নিমিত্ত।

উক্ত দলের কোন ব্যক্তি এই সকল আজ্ঞা লঙ্ঘন করিলে এক সপ্তাহের বেতনের অনধিক জরিমানা ধার্য্য ও সরাসরীমতে আদায় করিবার নিমিত্ত। এবং

সাধারণত উক্ত দলের কার্য্যোপযোগী হইবার উপযুক্ত অবস্থা রক্ষা করিবার নিমিত্ত।

(২) এই সকল আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে এবং প্রকাশ করণাবধি ফলবতী হইবে।

আগুন লাগিলে পোলীসের কমিশনর প্রভৃতির কোন কোন ক্ষমতা পরিচালন করিবার কথা।

৩২ ধারা। (১) আগুন লাগিলে পোলীসের কমিশনর বা ডেপুটী কমিশনর সাহেব বা অগ্নিনিবাপকদলের অধ্যক্ষতাকারী প্রধান কি অন্য যে কর্ত্তৃপক্ষ তৎস্থানে থাকেন, তিনি—

(ক) তৎস্থানে কোন ব্যক্তিদের উপস্থিত থাকা প্রযুক্ত উক্ত দলের কার্য্য উপযুক্তমতে চলিবার বাধা হইলে সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করিয়া দিতে কিম্বা উক্ত দলের কোন কর্ম্মচারিকে তাহাদিগকে স্থানান্তর করাইয়া দিবার আদেশ করিতে পারিবেন, ও

(খ) আগুন নিবাইয়া ফেলিবার জন্য আপনি কিম্বা আপন কর্ম্মচারিদিগের দ্বারা কোন বাটীতে প্রবেশ করিতে বা বাটী দিয়া যাইতে বা গৃহাদি ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন, কিন্তু যাহাতে অল্প হানি হয় সাধ্যমতে এমত চেষ্টা করিবেন, ও

(গ) আগুন যে স্থানে লাগে সেই স্থানে নলের জল অধিক বেগে নির্গত হইতে পারে এই নিমিত্ত নগরের অন্য কোন অংশের বড় ও ছোট নল বন্ধ করাইয়া দিতে পারিবেন, ও

(ঘ) নদীর ধারে আগুন লাগিলে বন্দরের কমিশনরদের দমকল যে কর্ম্মচারির জিম্মায় থাকে তাঁহার প্রতি সাধ্যমতে সাহায্য করিবার আদেশ করিতে পারিবেন ও

(ঙ) সাধারণত প্রাণ ও সম্পত্তি রক্ষা করিবার জন্য যে উপায় অবলম্বন করা আবশ্যক বোধ হয়, তাহাও করিতে পারিবেন।

(২) পোলীসের কমিশনর বা ডেপুটী কমিশনর সাহেব বা অগ্নিনিবাপক দলের অধ্যক্ষ স্বরূপ যে প্রধান কর্ত্তৃপক্ষ তৎস্থানে থাকেন তিনি বাচনিক আদেশ দিয়া দূর স্থানে গিয়া কর্ম্ম করিবার নিমিত্ত দলের এক কি একাধিক কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করিতে পারিবেন, তাহা করিলে এই ধারামতে প্রধান কর্ত্তৃপক্ষের যে যে ক্ষমতা থাকে তৎকালের নিমিত্ত সেই কর্ত্তৃপক্ষের কি কর্ত্তৃপক্ষদের সেই সেই ক্ষমতা থাকিবে।

পোলীস কর্ম্মচারিদের অগ্নিনির্বাপক দলকে আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে সাহায্য করিবার কথা।

৩৩ ধারা। অগ্নিনির্বাপক দল যে সময়ে আপনাদের কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন সেই সময় পোলীসের সকল শ্রেণীর কর্ম্মচারিদের প্রতি তাঁহাদের সাহায্য করিবার অনুমতি থাকিবে। যে রাস্তায় বা রাস্তার নিকটে আগুন লাগে তাঁহারা সেই রাস্তা বন্ধ করিতে পারিবেন, ও যে ব্যক্তিদের উপস্থিত থাকা প্রযুক্ত অগ্নিনিবাপক দলের কার্য্যের ব্যাঘাত হয় তাঁহারা আপনাদের প্রবৃত্তিমতে কিম্বা ঐ দলের প্রধান কি অন্য কর্ত্তৃপক্ষের আদেশমতে সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করাইয়া দিতে পারিবেন।

পোলীস কর্ম্মচারী প্রভৃতির ক্ষতিপূরণ দিবার দায়িত্ব না থাকিবার কথা।

৩৪ ধারা। পোলীসের কিম্বা অগ্নিনিবাপক দলের কোন কর্ম্মচারী আপনার কর্ত্তব্য উপযুক্তরূপে পালন করিবার নিমিত্ত কোন কার্য্য আবশ্যক বলিয়া সরল মনে বিশ্বাস করিলে, ঐ কার্য্য দ্বারা যদি কোন হানি হয় তবে তিনি তজ্জন্য ক্ষতিপূরণ দিতে দায়ী বলিয়া গণ্য হইবেন না।

আগুন কিরূপে লাগিল দলের প্রধান কর্ম্মচারির ইহার অনুসন্ধান লইবার এবং মাজিষ্ট্রেটের নিকট রিপোর্ট করিবার কথা।

৩৫ ধারা। (১) যে স্থানে এই আইন বর্ত্তে সেই স্থানের মধ্যে আগুন লাগিলে অগ্নিনিবাপক দলের প্রধান কর্ত্তৃপক্ষ ঐ আগুন লাগিবার মূল ও কারণের বৃত্তান্ত নির্ণয় করিয়া ঐ আগুন লাগিবার স্থানে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিকার থাকে তাঁহার নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন। উক্ত মাজিষ্ট্রেট কোন স্থলে বিহিত বোধ করিলে ঐ বৃত্তান্ত আরো স্পষ্টরূপে নির্ণয় করিবার নিমিত্ত সাক্ষিদিগকে আহ্বান করিয়া সাক্ষ্য লইবেন।

(২) এই ধারানুসারে যে সকল রিপোর্ট ও সাক্ষ্য লিপিবদ্ধ করা হয় কোন ফায়র আসুরান্স কোম্পানী বা স্বার্থযুক্ত অপর ব্যক্তি তাহার নকল পাইবার দরখাস্ত করিলে বিচার সংক্রান্ত কার্য্যবিবরণের নকলের জন্য যে ফী দিতে হয় সেই ফী দিলেই উহা তাঁহাদিগকে দেওয়া যাইবে।

ষষ্ঠ অধ্যায়।

আতশবাজী প্রভৃতি সম্বন্ধীয় বিধি।

লাইসেন্স বিনা হাউই প্রভৃতি ছাড়িবার ও আতশবাজী বিক্রয় করিবার দণ্ডের কথা।

৩৬ ধারা। (১) যে স্থানে এই আইন বর্ত্তে বা পরে প্রচলিত হবে সেই স্থানের মধ্যে কোন ব্যক্তি পোলীসের কমিশনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া হাউই কি আগুনের বেলুন ছাড়িলে, আর কোন ব্যক্তি দশ টাকার অনধিক বার্ষিক

ফী দিয়া পোলীসের কমিশনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া আতশবাজী বিক্রয় করিলে, মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত অনধিক পঞ্চাশ টাকা জরিমানা হইতে পারিবে।

(২) পোলীসের কমিশনর সাহেব ঐরূপ যে সমস্ত ফী প্রাপ্ত হন তাহা অগ্নিনিবাপক দলের রক্ষার নিমিত্ত প্রযোগ করিবেন।

পোলীসের কমিশনরের লাইসেন্স রহিত বা স্থগিত করিবার ক্ষমতার কথা।

৩৭ ধারা। পোলীসের কমিশনর সাহেব ঠিক পূর্ব্ব ধারা মতে যে লাইসেন্স দেন আপনার বিবেচনামতে তাহা রহিত করিতে বা স্থগিত রাখিতে পারিবেন।

কিন্তু ত্রিশ দিনের নোটিস না দিয়া আতশবাজী বিক্রয় করিবার লাইসেন্স রহিত বা স্থগিত করা যাইবে না।

হাবড়ার মাজিষ্ট্রেটের পোলীসের কমিশনরের কোন কোন ক্ষমতা পরিচালন করিবার কথা।

৩৮ ধারা। পূর্ব্ব দুই ধারায় কলিকাতা ও শাখা নগর সম্বন্ধে পোলীসের কমিশনর সাহেবের প্রতি যে যে ক্ষমতা প্রদত্ত হইল হাবড়া মুনিসিপালিটীতে জেলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের আফিসের চলিত কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মচারী সেই সেই ক্ষমতা পরিচালন করিবেন।

স্পষ্ট অনুমতি বিনা [illegible] মধ্যে হাউই প্রভৃতি [illegible] দিবে [illegible] কথা।

৩৯ ধারা। পোলীসের কমিশনর সাহেবের কিম্বা স্থল বিশেষে পূর্ব্বোক্ত মাজিষ্ট্রেটের বা কর্ম্মচারির লিখিত স্পষ্ট অনুমতি না হইলেও কোন ব্যক্তির বাড়ীর কি প্রাঙ্গণের [illegible] হাউই কি আগুনে র বেলুন ছাড়া গেলে মালিক কি দখীলকার কি সেই বাড়ী কি প্রাঙ্গণ সাক্ষাৎ সম্বন্ধে যে ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে তিনি সেই অপরাধ আপনার অজ্ঞাতসারে করা গিয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে তাঁহার অনধিক পঞ্চাশ টাকা জরিমানা হইতে পারিবে।

সপ্তম অধ্যায়।

বিবিধ বিধি।

অন্য বিলডিং বা স্থান ওয়ারহৌস হইবে স্থানীয় গবর্ণমেণ্টের তাহা ব্যক্ত করিতে পারিবার কথা।

৪০ ধারা। কমিশনরগণ সভাগত হইয়া অনুরোধ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট সেই অনুরোধানুসারে একরূপ ব্যক্ত করিতে পারিবেন যে এই আইনের তিন ধারার (৮) দফার উল্লিখিত দ্রব্য বা বস্তু ছাড়া আশুদাহ্য অপর কোন দ্রব্য বা বস্তু সঞ্চিত করিবার, গাঁত দেওয়াইবার বা রাখিবার জন্য যে বিলডিং বা স্থানের ব্যবহার হয় তাহা এই আইনের অর্থ মধ্যে ওয়ারহৌস হইবে এবং এই আইনের বিধানের অধীন হইবে।

ওয়ারহৌস প্রভৃতির জন্য লাইসেন্স সম্বন্ধে রিপোর্ট স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরণ করিবার কথা।

৪১ ধারা। (১) আয় ব্যয়ের হিসাবের বিবরণ এই আইনের বিধান মতে যে রূপে কার্য্য সম্পাদন হইয়াছে এবং যে যে ওয়ারহৌসের লাইসেন্স দেওয়া হইয়াছে তাহা দেখাইয়া স্থানীয় গবর্ণমেণ্ট যে সময় নিরূপণ করেন এই আইন যে যে মুনিসিপালিটীতে বর্ত্তে তথাকার কমিশনরগণ সেই সময়ে বৎসর বৎসর একবার একখানি রিপোর্ট স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন।

(২) পোলীসের কমিশনর সাহেব বৎসরের মধ্যে অগ্নিনিবাপক দলের সংগঠন, পাওনা ও কার্য্য চলন তাহার আয় ব্যয়, এবং এই আইনের ত্রিশ ও সাঁই ত্রিশ ধারামতে তিনি যে কোন কার্য্যানুষ্ঠান করিয়াছেন তাহা দেখাইয়া একরূপ রিপোর্ট করিবেন।

(৩) ঐ সকল রিপোর্ট অবিলম্বে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

পোলীস কর্ম্মচারীর ৬৬ ধারামতে অপরাধীদিগকে ধৃত করিবার ও মাজিষ্ট্রেটের সম্মুখে লইয়া যাইতে পারিবার কথা।

৪২ ধারা। এই আইনের ছত্রিশ ধারায় যে কোন অপরাধের দণ্ডের বিধান হইল কোন ব্যক্তি সেই অপরাধ করিলে তাঁহার নাম ও ঠিকানা জানা না থাকিলে পোলীসের কোন কর্ম্মচারী তাঁহাকে ধরিতে ও যে স্থানে অপরাধ করা হইয়াছে সেই স্থানে বিচারাধিকার প্রাপ্ত কোন মাজিষ্ট্রেটের সম্মুখে তৎক্ষণাৎ আনিতে পারিবেন কিম্বা উক্ত বিচারাধিকারের অন্তর্গত সন্নিহিত পোলীস থানায় তাঁহাকে লইয়া গিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইতে না পারে কিম্বা ঐ ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন জামিনদের সহিত কি জামিন ভিন্ন যত কাল ইহার মুচলকা লিখিয়া না দেন তত কাল তাঁহাকে তথায় আটক করাইয়া রাখিবেন।

যে সময়ের মধ্যে অপরাধীদিগকে মাজিষ্ট্রেটের সম্মুখে লইয়া যাইতে হইবে তাহার কথা।

৪৩ ধারা। একরূপ কোন ব্যক্তিকে পোলীস থানায় আনা গেলে যে কর্ম্মচারির প্রতি ঐ থানার অধ্যক্ষতা ভার থাকে তিনি যত শীঘ্র সম্ভব কিন্তু প্রত্যেকস্থলে ২৪ ঘণ্টার মধ্যে সেই বিষয়ের বিচারাধিকারবিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের নিকট ঐ ব্যক্তিকে পাঠাইবেন।

ওয়ারহৌসের জন্য লাইসেন্সের পাঠের কথা।

৪৪ ধারা। এই আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে যে লাইসেন্স দেওয়া যায় তাহা যতদূর হইতে পারে এই আইনের তফসীলের নির্দ্ধারিত পাঠে লিখিতে হইবে।

৪৫ ধারা। (১) অল্প পরিমাণ পাট তুলা রজন, বার্নিস পাচ তার শুষ্ক ঘাস, খড়, নেকড়া, চর্বি কাষ্ঠ কিম্বা অপর যে সকল আশুদাহ্য দ্রব্য বা বস্তু উপস্থিত সময়ে এই আইনের বিধানের নিয়মাধীন তাহা যে বিলডিঙে বা স্থানে রাখা গিয়া থাকে এই আইনের বিধান যে সেই বিলডিং বা স্থানের প্রতি বর্ত্তে এই আইনের কোন কথা দ্বারা এমত জ্ঞান করিতে হইবে না।

যে সকল বিলডিঙে অল্প পরিমাণ পাট প্রভৃতি থাকে সেই সকল বিল্ডিঙের প্রতি আইন না বর্ত্তিবার কথা।

(২) পাট, তুলা, রজন বার্নিস, পাচ তার শুষ্ক ঘাস, খড়, নেকড়া চর্বি বা কাষ্ঠের কিম্বা পূর্ব্বোক্তমত অপর কোন আশুদাহ্য দ্রব্য বা বস্তুর কি পরিমাণ এই ধারায় অর্থানুসারে অল্প পরিমাণ বলিয়া গণ্য হইবে স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়ে সময়ে ইহা ব্যক্ত করিতে পারিবেন।

৪৬ ধারা। কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৮ সালের আইনের তিন শত সাতচল্লিশ ধারা ও ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের দুই শত একষষ্টি ধারাক্রমে শুষ্ক ঘাস, খড়, কাষ্ঠ, নেকড়া পাট বা অপর বিপজ্জনক আশুদাহ্য দ্রব্যের ডিপো বলিয়া যে সকল বাড়ীর লাইসেন্স দেওয়া হইয়া এই আইন অনুসারে ওয়ারহৌস স্বরূপ লাইসেন্স দেওয়া ও ব্যবহার করা হয় তৎসম্বন্ধে কমিশনরগণ ফী আদায় করিবার যতদূর অধিকার প্রাপ্ত হন ঐ ঐ ধারা এতদ্দ্বারা ততদূর রহিত করা গেল।

১৮৮৮ সালের ২ আইনের ৩৪৭ ধারা ও ১৮৮৪ সালের ৩ আইনের ২৬১ ধারা রহিত করিবার কথা।

(৪৪ ধারার উল্লিখিত।)

তফসীল।

১৮৯ সালের বঙ্গীয় আইনমত লাইসেন্স।

১৮৯ সালের নম্বর।

কলিকাতার কর্পরেশন (কিম্বা স্থলবিশেষে র মুনিসিপল কমিশনরগণ) সালের বঙ্গীয় আইনমতে এতদ্দ্বারা শ্রী অমুককে পৃষ্ঠলিখিত নিয়মাধীনে কলিকাতার (কিম্বা স্থলবিশেষে হাবড়ার) রাস্তায় নম্বর বা নম্বরগুলির বিল্‌ডিঙ বা স্থানে পাট (কিম্বা স্থলবিশেষে তুলা, রজন বা অপর আশুদাহ্য দ্রব্য বা বস্তু সঞ্চিত) করিবার (কিম্বা স্থল বিশেষে রাখিবার ও গাঁত দেওয়াইবার) এই লাইসেন্স দিলেন এবং তাঁহারা এতদ্দ্বারা উক্ত ব্যক্তির দেয় পূর্ব্বোক্ত বাটীর নিমিত্ত বৎসর টাকার হারে ১৮৯ সালের তারিখ অবধি ১৮৯ সালের তারিখ পর্য্যন্ত লাইসেন্স ফী বলিয়া এত টাকা পাইলেন স্বীকার করিলেন।

মালিকের নাম

দখলীকারের নাম

কর্পরেশনের সেক্রেটরী।

(কিম্বা মুনিসিপল কমিশনরগণের সেক্রেটরী।)

সাল নং

(তফসীলের পৃষ্ঠদেশে।)

নিয়ম।

(১) যে ওয়্যারহৌস বা যে যে ওয়্যারহৌস সম্বন্ধে এই লাইসেন্স দেওয়া হইল তাহা লাইসেন্স প্রাপ্ত ওয়্যারহৌস ও অগ্নিনিবাপক দল বিষয়ক ১৮৯৩ সালের আইনের আট ধারার বিধানমতে পোলীসের কমিশনর কর্ত্তৃক নিযুক্ত কোন কর্ম্মচারী সকল সময়েই পরিদর্শন করিতে পারিবেন।

(২) এই লাইসেন্স সম্বন্ধে ধার্য্য বার্ষিক ফী (এই স্থানে লাইসেন্স ফী দিবার বার্ষিক বা অপর তারিখ লিখ) দিতে হইবে।

কলিকাতা
১৮৯৩ সাল ২৭এ জুন।

গর্ডন লীথ,
ব্যবস্থা বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটি আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 25, 1893

মঙ্গলবার, ১৮৯৩ সাল ২৫ জুলাই।

PART VIII

ADVERTISEMENT

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS ভূমিবিষয়ক ইস্তাহার

কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপশীলের লিখিত সেই ভূমির পাট্টা রতন সানা দিগর পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন ইতি মধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে, তাহা ১৮৯৩ সালের ৬ই নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১৩ সালের ২১ কার্ত্তিক সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের অফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিস যুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই —

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সকল জ্বালানি কি গুডী কাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধায্য হইবেক না কিন্তু ঐ জ্বালানি কি গুডী কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধায্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করার এবং যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকিস্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলিস্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৯৩। ১৭ জুলাই।

তপসীল।

নম্বরের নাম।	জেলা সব ডিবিজান ও থানা।	বকম।	চৌহদ্দি
২২৫ নং লাট চতুর্থ খণ্ড।	জেলা খুলনা সব ডিবিজান সদর থানা পাইকগাছা।	৭	উত্তর,—চড়াবাজুয়া খালের কিয়দংশ ও ধনখালি খাল এবং ঐ ধনখালি খাল হইতে উত্থিত একটী খালের কিনারা হইতে কালিকাবাড়ী ওরফে বুড়ির ডামন খাল হইতে উত্থিত একটী খালের কিনারা পয্যন্ত ১২ ব্যারি এর একটী সরল রেখা। পূর্ব্ব,—কালিকাবাড়ী ওরফে বুড়ির ডামন খাল ও ঐ কালিকাবাড়ী ওরফে বুড়ির ডামন খাল হইতে উত্থিত একটী খাল এবং লাউডোবা খালের কিয়দংশ। দক্ষিণ – লাউডোব খাল। পশ্চিম,—ভদ্রনদী এবং চড়া বাজুয়া খালের কিয়দংশ। সুন্দরবন কমিশনার শ্রীযুত মে পি রস্ সাহেবের ১৮৯২।৯৩ সিজনের নকসা অনুসারে সীমানা লিখিত হইল।

I Ross

Commissioner Sundarbans

কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৯ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই স বাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে, এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা চূড়ামণী দে পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা ন্য কোন কারণে নালাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৯৩ সালের ৬ই নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১৩ সালের ২১ কার্ত্তিক সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের অফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগণা ও খুলনা ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধি স যুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই —

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীন থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

বিবাহ সাধন করিবার কথা।

কিন্তু আচার্য্য ভিন্ন দুই জনের অন্যূন সাক্ষির সাক্ষাতে যেন বিবাহ সাধন হয়।

২৬ ধারা। পূর্ব্বোক্ত আচার্য্য যে তারিখে উক্ত সর্টিফিকেট দেন সেই তারিখ অবধি দুই মাসের মধ্যে বিবাহ না হইলে ঐ সর্টিফিকট এবং তৎসম্পর্কে অন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় তাহা ব্যর্থ হইবে।

দুই মাসের মধ্যে বিবাহ না হইলে সর্টিফিকট ব্যর্থ হওয়ার কথা।

ও নূতন নোটিস ও পূর্ব্বোক্ত সর্টিফিকট পুনশ্চ না দেওয়া গেলে কোন ব্যক্তি সেই বিবাহ সাধন করিতে প্রবৃত্ত হইবেন না।

চতুর্থ অধ্যায়।

ধর্ম্মাচার্য্য যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরী করিবার কথা।

২৭ ধারা। এই আইনের পঞ্চম কি ষষ্ঠ অধ্যায়মতে যে বিবাহ সাধন করা যায় তদ্ভিন্ন বিবাহার্থি এক কি উভয় ব্যক্তি খ্রীষ্টীয় ধর্ম্ম স্বীকার করিলে এই সময়াবধি ভারত বর্ষে তাঁহাদের বিবাহ সাধন হইলে নিম্নলিখিত মতে তাহা রেজিষ্টরী করা যাইবে।

বিবাহ যে সময়ে রেজিষ্টরী করিতে হইবে তাহার কথা।

২৮ ধারা। চর্চ্চ অফ ইঙ্গলণ্ডের প্রত্যেক পাদরী বিবাহের রেজিষ্টরী বহি রাখিয়া যত বিবাহ সাধন করেন এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে ঐ রেজিষ্টরী বহিতে ঐ বিবাহ রেজিষ্টরি করিবেন।

চর্চ্চ অফ ইঙ্গলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর কথা।

২৯ ধারা। যে স্থানে চর্চ্চ অফ ইঙ্গলণ্ডের কোন পাদরীর প্রতি পারমার্থিক কার্য্যের ভার থাকে, তথায় যে বিবাহ সাধন হইয়া রেজিষ্টরী করা যায় তিনি যে আর্চডীকনরির অধীন থাকেন কিম্বা ঐ মোকাম কি জিলা যে আর্চডীকনরির সীমার মধ্যে থাকে সেই আর্চডীকনরির রেজিষ্ট্রার সাহেবের নিকট প্রতি বৎসর চারি বার ঐ বিবাহের রেজিষ্টরী বহীর লিখিত কথার দুই২ প্রতিলিপি যথার্থ বলিয়া স্বাক্ষর করিয়া পাঠাইবেন।

আর্চডীকন সাহেবের কার্য্যালয়ে ত্রৈমাসিক রিটর্ণ পাঠাইবার কথা।

উক্ত রেজিষ্টরী বহীতে প্রতি বৎসর জানুয়ারি মাসের এক তারিখ অবধি মার্চ্চ মাসের ৩১ তারিখ পর্য্যন্ত ও আপ্রিল মাসের ১ তারিখ অবধি জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ও জুলাই মাসের ১ তারিখ অবধি সেপ্টেম্বর মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ও অক্টোবর মাসের ১ তারিখ অবধি ডিসেম্বর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত যত বিবাহের কথা লেখা যায় ঐ ত্রৈমাসিক রিটর্ণে উক্ত তিন২ মাসের বিবাহের কথা লেখা থাকিবে এবং উক্ত তিন২ মাস গত হইলে উক্ত পাদরী দুই সপ্তাহের মধ্যে তাহা পাঠাইবেন।

রিটর্ণের মর্ম্মের কথা।

উক্ত রেজিষ্ট্রার সাহেব তাহা পাইলে [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট একখান প্রতিলিপি পাঠাইবেন।

৩০ ধারা। চর্চ্চ অফ রোমের পাদরী বিবাহ সাধন করিলে ঐ বিবাহ যে ডৈওসীস কি বিকেরিয়টের মধ্যে সাধন করা যায় তথাকার রোমান কাথলিক বিশপ সাহেব বিবাহ রেজিষ্টরী করণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ বিশপ সাহেবের নির্দ্দিষ্ট পাঠানুসারে তাহা রেজিষ্টরী করিয়া লিখিবেন।

চর্চ্চ অফ রোমের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

ও কোন তিন মাসে যত বিবাহ রেজিষ্টরি করেন তিন২ মাসান্তর [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট ঐ রেজিষ্টরীর লিখিত কথার প্রতিলিপি পাঠাইবেন।

৩১ ধারা। চর্চ্চ অফ স্কটলণ্ডের প্রত্যেক পাদরী বিবাহের রেজিষ্টরী বহী রাখিয়া এই আইনমতে যত বিবাহ সাধন করেন এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে ঐ রেজিষ্টরী বহীতে তাহা লিখিবেন।

চর্চ্চ অফ স্কটলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

২৯ ধারায় যে প্রকারের রিটর্ণ নির্দ্দিষ্ট হইল চর্চ্চ অফ স্কটলণ্ডের পাদরীরাও পদজ্যেষ্ঠ পাদরীর দ্বারা তিন২ মাসান্তর [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট সেই পাঠানুযায়ি রিটর্ণ পাঠাইবেন।

৩২ ধারা। কোন ব্যক্তি বিশপ সাহেবের হস্তার্পণ দ্বারা নিযুক্ত হইলে ও চর্চ্চ অফ ইঙ্গলণ্ডের কিম্বা চর্চ্চ অফ রোমের পাদরী না হইয়া বিবাহ সাধন করিলে তিনি এবং এই আইনমতে বিবাহ সাধন করিবার লাইসেন্সপ্রাপ্ত কোন ধর্ম্মাচার্য্য বিবাহ সাধন করিলেই ঐ বিবাহের দোকর রেজিষ্টরি করিবেন অর্থাৎ আপনি বিবাহের যে রেজিষ্টরী বহী রাখেন এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে তন্মধ্যে এবং বিবাহের ঐ রেজিষ্টরী বহীর সংযুক্ত অনুলিপিপত্রের সর্টিফিকটে তাহা রেজিষ্টরি করিবেন।

কোন২ বিবাহ দোকররূপে রেজিষ্টরী করিবার কথা।

৩৩ ধারা। উক্ত সর্টিফিকটে ও বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ বিবাহের যে কথা লেখা যায় যে ব্যক্তি বিবাহ সাধন করেন তিনি ও যে ব্যক্তিদের বিবাহ হয় তাঁহারা দুইজন ঐ কথায় স্বাক্ষর করিবেন এবং বিবাহ সাধন সময়ে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহাদের মধ্যে বিবাহ সাধনকারী ভিন্ন প্রামাণিক দুই ব্যক্তি সাক্ষিস্বরূপে ঐ কথায় স্বাক্ষর করিবেন।

বিবাহ বিষয়ক কথায় স্বাক্ষর করিবার ও সাক্ষিদের দ্বারা স্বাক্ষর করাইবার কথা।

[ক ক] ২৯, ৩০ ও ৩১ ধারার মূল কথাগুলির পরিবর্ত্তে এই কথাগুলি ১৮৮৬ সালের ৬ আইনের ৩ ধারার (খ) প্রকরণের দ্বারা সন্নিবেশিত হয় [১৮৮৫-৮৮ সালের সাধারণ আইনসংগ্রহের ১৮৮৯ সালের সংস্করণের ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত।]

বহীর প্রথমে আরম্ভ হইয়া ক্রমান্বয়ে শেষ পর্য্যন্ত বিবাহ রেজিষ্টরী করা যাইবে, এবং বিবাহের ঐ

রেজেস্টরী বহীতে যে বিবাহের যে নম্বর দেওয়া যায় ঐ সর্টিফিকটেও সেই নম্বর থাকিবে।

বিবাহের রেজিষ্ট্রারের নিকট সর্টিফিকেট নকল করিয়া পাঠাইবার ও তাহা রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইবার কথা।

৩৪ ধারা। যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি বিবাহের রেজিস্টরী বহী হইতে ঐ সর্টিফিকট কাটিয়া লইয়া যে ডিষ্ট্রিক্টের মধ্যে বিবাহ হয় বিবাহ সাধন হইবার পর এক মাসের মধ্যে তথাকার বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট কিম্বা দুই কি তদধিক জন রেজিষ্ট্রার থাকিলে পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ সর্টিফিকট পাঠাইবেন।

তাঁহার কাছে তদ্রূপ সর্টিফিকট নকল করিয়া রাখিবার নিমিত্ত যে বহী থাকে তিনি সেই বহীতে তাহা নকল করাইয়া রাখিবেন।

মাসের মধ্যে যত সর্টিফিকট পান তন্মধ্যে তিনি পশ্চাৎলিখিত বিধানমতে নম্বর ও স্বাক্ষর কি নামের আদ্যক্ষর লিখিয়া [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট পাঠাইবেন।

উক্ত সর্টিফিকটের নকল লিখিয়া রাখিয়া তাহার নম্বর দিবার কথা।

৩৫ ধারা। ঐ সকল প্রতিলিপি উক্ত বহীর প্রথমে আরম্ভ করিয়া ক্রমান্বয়ে শেষ পর্য্যন্ত লিখিতে হইবে। ঐ প্রতিলিপিতে দুই নম্বর দেওয়া যাইবে। এক যে সর্টিফিকটের প্রতিলিপি করা গিয়াছে তাহার নম্বর এব বিবাহের রেজিষ্ট্রার যে ক্রমে প্রত্যেক সর্টিফিকট পান সেই ক্রমানুসারে তিনি ঐ বহীতে নকল করিয়া তাহাতে যে নম্বর দেন ঐ প্রতিলিপিতে সেই নম্বর ও লিখিবেন।

বহীতে যে নম্বর দেওয়া যায় সর্টিফিকেটে সেই নম্বর দিয়া তাহা রেজিষ্ট্রার জেনরলের কাছে রেজিষ্ট্রারের পাঠাইবার কথা।

৩৬ ধারা। বহীতে প্রতিলিপির শেষোক্ত যে নম্বর দেওয়া যায় বিবাহের রেজিস্ট্রার সর্টিফিকটে সেই নম্বরও দিয়া তাহাতে স্বাক্ষর করিয়া কিম্বা নামের আদ্যক্ষর লিখিয়া প্রতি মাসের শেষে [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইবেন।

প্রথম বা তৃতীয় অধ্যায়ানুসারে এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের রেজিষ্টরী করণের কথা।

৩৭ ধারা। কোন ব্যক্তি এই আইনের প্রথম কি তৃতীয় অধ্যায়মতে দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহ সাধন করিলে ২৮ অবধি ৩৬ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য না করিয়া স্বতন্ত্র এক রেজিস্টরী বহীতে ঐ বিবাহ রেজিস্টরী করিবেন ও যতকাল ঐ রেজিস্টরী বহী পূর্ণ না হয় ততকাল আপনার নিকট নির্ব্বিঘ্নে রাখিবেন।

রেজিষ্টরী বহী কাহার নিকট থাকিবে ও তাহা লইয়া কি করিতে হইবে ইহার কথা।

কিম্বা যে ডিষ্ট্রিক্টে ঐ বিবাহ সাধন করিলেন ঐ বহী পূর্ণ না হইতেং যদি সেই ডিষ্ট্রিক্ট হইতে স্থানান্তরে যান, তবে ঐ ডিষ্ট্রিক্টে তাঁহার সেই পদের যে ব্যক্তি কর্ম্ম গ্রহণ করেন তাঁহাকে ঐ বহী দিবেন।

বহী যে ব্যক্তির জিম্মায় থাকিতে পূর্ণ হয় তিনি সেই ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ বহী পাঠাইবেন। দুই কি অধিক জন রেজিষ্ট্রার থাকিলে বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকট পাঠাইবেন। তিনি [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট তাহা পাঠাইবেন তাহা তাঁহার কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে রাখা যাইবে।

পঞ্চম অধ্যায়।

বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা বা তাঁহার সাক্ষাতে যে বিবাহ সাধন হয় তদ্বিষয়ক বিধি।

বিবাহের রেজিষ্ট্রারের সাক্ষাতে যে বিবাহ সাধন করিবার সংকল্প করা হয় তাহার নোটিস দিবার কথা।

৩৮ ধারা। বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা বা তাঁহার সাক্ষাতে বিবাহ সাধন করিবার অভিপ্রায় থাকিলে ঐ বিবাহ সম্বন্ধীয় উভয় ব্যক্তি যে ডিষ্ট্রিক্টে বাস করেন ঐ বিবাহের একতর ব্যক্তি সেই ডিষ্ট্রিক্টের বিবাহের কোন রেজিষ্ট্রারের নিকট এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠ কি তাহার মর্ম্মানুসারে নোটিস লিখিয়া দিবেন।

কিম্বা দুই জন ভিন্ন ভিন্ন ডিষ্ট্রিক্টে বাস করিলে উক্ত প্রত্যেক ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারকে ঐ নোটিস দিবেন।

তন্মধ্যে বিবাহার্থি উভয় ব্যক্তির নাম ও কুলনাম ও প্রত্যেক জনের বৃত্তি কি অবস্থা ও বাসস্থান ও যত দিন তথায় বাস করিয়াছেন ও যে স্থানে বিবাহ সাধন হইবে এইং কথা জানাইবেন।

কিন্তু যদি কোন পক্ষ উক্ত স্থানে এক মাসের অধিক কাল বাস করিয়া থাকেন, তবে নোটিস "এক মাস ও তদধিক কাল তথায় বাস করিয়াছেন এই মাত্র লেখা যাইতে পারিবে।

নোটিস প্রচার করিবার কথা।

৩৯ ধারা। বিবাহের রেজিষ্ট্রার উক্ত নোটিস পাইলে আপন কার্য্যালয়ের কোন প্রকাশ স্থানে ঐ নোটিসের প্রতিলিপি লটকাইয়া দিবেন।

বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে বিবাহের রেজিষ্ট্রার ঐ বিবাহের নোটিস পাইবার পর

[ক ক] ৩৪ ও ৩৬ ধারার মূল কথাগুলির পরিবর্ত্তে এই কথাগুলি ১৮৮৬ সালের ৬ আইনের ৩ ধারার (খ) প্রকরণের দ্বারা সন্নিবেশিত হয় [১৮৮৫ ৮৮ সালের সাধারণ আইন সংগ্রহের ১৮৮৯ সালের সংস্করণের ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত]।

[ক ক] মূল শব্দগুলির পরিবর্ত্তে এই শব্দগুলি ১৮৮৬ সালের ৬ আইনের ৩০ ধারার (খ) দফা দ্বারা সন্নিবেশিত হয় [১৮৮৫ ৮৮ সালের সাধারণ আইন সংগ্রহের ১৮৮৯ সালের সংস্করণের ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত।]

চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ ডিষ্ট্রিক্টের অন্তর্গত বিবাহের অন্য সকল রেজিষ্ট্রারের নিকট ডাকযোগে বা প্রকারান্তরে ঐ নোটিসের প্রতিলিপি পাঠাইবেন। তাঁহারাও আপনং কার্য্যালয়ের কোন প্রকাশ স্থানে তাহা লট কাইয়া দিবেন।

বিবাহের নোটিস রাখিবার ও নোটিসের বহীতে নকল করিবার কথা।

৪ ধারা। বিবাহের রেজিষ্ট্রার উক্ত সকল নোটিস গাঁথিয়া আপন কার্য্যালয়ের কাগজ পত্রের মধ্যে রাখিবেন এবং তিনি স্থানীয় গবর্ণমেণ্ট হইতে বিবাহের নোটিসের বহী নামক যে একখান বহী পাইবেন তন্মধ্যে এ নোটিসের যথার্থ প্রতিলিপি অগৌণে লিখিবেন।

কোন ব্যক্তি উপযুক্ত কোন সময়ে ঐ বহী দেখিতে চাহিলে ফী না দিয়া দেখিতে পাইবেন।

নোটিস দেওয়ার ও শপথ করণের সার্টিফিকট দিবার কথা।

৪১ ধারা। যে ব্যক্তি বিবাহের নোটিস দেন তিনি বিবাহের রেজিষ্ট্রারের নিকট নিম্নলিখিত সর্টিফিকট প্রার্থনা করিলে এবং বিবাহার্থি একতর ব্যক্তি নিম্নলিখিত বিধানানুসারে শপথ করিলে, বিবাহের রেজিষ্ট্রার ঐ নোটিস পাইবার এবং ঐ শপথ করিবার সর্টিফিকট লইয়া তাহাতে স্বাক্ষর করিয়া দিবেন।

উপবিধি।

পরন্তু

ঐ সর্টিফিকট দিতে কোন ন্যায্য বাধা আছে বিবাহের রেজিষ্ট্রারের স্বদ্বোধামতে ইহা দর্শান না যায় এবং

এই আইনদ্বারা ঐ সর্টিফিকট দিবার বিষয়ে যে ব্যক্তির আপত্তি করিবার ক্ষমতা থাকে তিনি নিম্ন লিখিত মতে তাহা নিষেধ না করেন,

আরো নোটিস পাইলে পর চারি দিন গত হয়

এবং বিবাহার্থী একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার উক্ত শপথ দ্বারা ইহা দৃষ্ট হইলে, বিবাহের ঐ নোটিস পাইবার পর চতুর্দ্দশ দিন গত হয়।

সার্টিফিকট দিবার পূর্ব্বে শপথ করিবার কথা।

৪২ ধারা। ৪১ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট দিবার পূর্ব্বে বিবাহার্থি একতর ব্যক্তি বিবাহের রেজিষ্ট্রারের সম্মুখে স্বয় উপস্থিত হইয়া এই মর্ম্মের শপথ [ক] করিবেন,

(ক) উক্ত বিবাহ যাহাতে অবৈধ হইতে পাবে আমাদের দুই জনের মধ্যে জ্ঞাতিত্ব কি কুটুম্বতা নাই ও আইনমতে অন্য বাধা নাই।

(খ) এবং বিবাহার্থি আমরা দুই জন অথবা (যদি তাঁহারা বিবাহের ভিন্নং রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টে বাস করিয়া থাকেন তবে) উক্ত শপথকারি অমুক ব্যক্তি নিয়ত উক্ত বিবাহের রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে বাস করিয়াছি বা করিয়াছেন।

এবং উভয় কি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে,

(গ) ঐ বিবাহ হইবার পূর্ব্বে আইনমতে যে ব্যক্তির কি ব্যক্তিদের অনুমতি লওয়া প্রয়োজন তাঁহার কি তাঁহাদের অনুমতি পাওয়া গিয়াছে অথবা বিষয় বিশেষে যাহারা উক্ত অনুমতি দিতে ক্ষমতাপন্ন এমত কোন ব্যক্তি ভারতবর্ষনিবাসী নহেন এই মর্ম্মের শপথ করা না গেলে রেজিষ্ট্রার সর্টিফিকট দিবেন না।

হাই কোর্টে চতুর্দ্দশ দিনের মধ্যে সর্টিফিকট দিবার আজ্ঞা প্রার্থনা করিবার কথা।

৪৩ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে ও বিবাহার্থি উভয় ব্যক্তি তৎকালে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগর নিবাসী হইয়া পূর্ব্বোক্ত নোটিস লেখা যাইবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে বিবাহ করিতে চাহিলে তাঁহারা ঐ নগরের হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত দিয়া বিবাহের যে রেজিষ্ট্রারকে নোটিস দেওয়া গেল তিনি এই আইনের ৪১ ধারার নির্দ্দিষ্ট ঐ চতুর্দ্দশ দিন গত না হইলেও আপনার সর্টিফিকট দেন এই আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

দরখাস্তমতে আজ্ঞার কথা।

উপযুক্ত কারণ দর্শান গেলে উক্ত জজ আপনার বিবেচনামতে বিবাহের ঐ রেজিষ্ট্রারকে এই আজ্ঞা দিতে পারিবেন যে নির্দ্দিষ্ট উক্ত চতুর্দ্দশ দিন গত না হইলেও তিনি ঐ অনুজ্ঞা পত্রের নির্দ্দিষ্ট অমুক সময়ে আপনার সর্টিফিকট দেন।

বিবাহের উক্ত রেজিষ্ট্রার এ আজ্ঞাপ্রাপ্ত হইলে তদনুসারে আপনার সর্টিফিকট দিবেন।

পিতা কি অভিভাবকের সম্মতির কথা।

৪৪ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে এই অধ্যায়মতে তাঁহার বিবাহের পক্ষে ১৯ ধারার বিধান খাটিবে।

সর্টিফিকট দেওয়া সম্বন্ধে আপত্তি হইবার কথা।

সেই ধারামতে ঐ বিবাহের বিষয়ে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন ঐ সর্টিফিকট দেওয়া যাইবার পূর্ব্বে কোন সময়ে ঐ সঙ্কল্পিত বিবাহের নোটিস বিবাহের নোটিসের বহীর যে পৃষ্ঠায় লেখা থাকে সেই ব্যক্তি তাহার পার্শ্বে 'নিষিদ্ধ' এই কথা লিখিয়া ও তাহার নীচে আপনার নাম ও নিবাস এবং বিবাহার্থি একতর ব্যক্তির সহিত তাঁহার যে সম্বন্ধপ্রযুক্ত তাঁহার তদ্রূপ ক্ষমতা থাকে তাহা লিখিয়া বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দিবার আপত্তি জানাইতে পারিবেন।

আপত্তির ফলের কথা।

ঐ আপত্তি তদ্রূপে লেখা গেলে পর বিবাহের রেজিষ্ট্রার যতকাল ঐ আপত্তির মর্ম্মানুসন্ধান না লন ও

[ক] শপথ শব্দের অর্থের জন্য ১৮৬৭ ৬ সালের আইন সংগ্রহের ১৮৮৭ সালের সংস্করণের ১৮ পৃষ্ঠায় ১৮৬৮ সালের ১ আইনের ২ ধারার (১) দফা দেখ।

তৎপ্রযুক্ত উক্ত বিবাহের সর্টিফিকট দেওয়ার নিবারণ করা উচিত নয় ইহা যত কাল হৃদ্বোধমতে না জানিতে পান কিম্বা যে ব্যক্তি তাহা লিখিলেন তিনি যত কাল তাহা রহিত করিয়া না দেন ততকাল ঐ সর্টিফিকট দেওয়া যাইবে না।

৪৫ ধারা। বিবাহ হইবার নিমিত্ত এই অধ্যায়ানুসারে যে ব্যক্তির অনুমতি প্রাপ্ত হওয়া প্রয়োজন তিনি যদি বিকৃতমনা হন।

যাহার অনুমতি পাওয়া আবশ্যক তিনি ক্ষিপ্তমনা হইলে কিম্বা অন্যায়মতে অসম্মত হইলে দরখাস্তের কথা।

কিম্বা পিতা ভিন্ন উক্ত অন্য ব্যক্তি যদি ন্যায্য কারণে অনুমতি দিতে স্বীকার না করেন,

তবে যাঁহার অনুমতি পাওয়া প্রয়োজন তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে বাস করিলে বিবাহার্থি ব্যক্তিরা হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত করিতে পারিবেন। সেই ব্যক্তি উক্ত অন্যতর নগরে বাস না করিলে তাঁহারা জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিবেন।

হাই কোর্টের উক্ত অন্যতর জজ কিম্বা বিষয়বিশেষে জিলার জজ সরাসরীমতে ঐ দরখাস্তের লিখিত কথার অনুসন্ধান লইবেন।

দরখাস্ত হইলে কার্য্য প্রণালীর কথা।

অনুসন্ধান লইয়া সেই বিবাহ উপযুক্ত জ্ঞান করিলে ঐ হাই কোর্টের অন্যতর জজ কিম্বা জিলার জজ উপযুক্ত বিবাহ বলিয়া সেই বিবাহ নির্দ্দেশ করিবেন।

সেই বিবাহ বিষয়ে যে ব্যক্তির অনুমতি দেওয়া প্রয়োজন উক্ত জজ সাহেবের ঐ নির্দ্দেশবাক্য তাঁহারই অনুমতির তুল্য সফল জ্ঞান হইবে।

এবং সেই ব্যক্তি যদি বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া নিষেধ করিয়া থাকেন তবে সেই ব্যক্তির সর্টিফিকট নিষিদ্ধ না হওয়ার ন্যায় সেই সর্টিফিকট দেওয়া যাইবে ও এই অধ্যায়মতে ঐ বিবাহ বিষয়ক সমস্ত কার্য্যানুষ্ঠান হইবে।

৪৬ ধারা। বিবাহের রেজিষ্ট্রার এই অধ্যায়মতে সার্টিফিকেট দিতে অস্বীকার করিলে যদি সেই রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্ট কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে থাকে, তবে বিবাহার্থি একতর ব্যক্তি তথাকার হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত করিতে পারিবেন কিম্বা তাঁহার ডিষ্ট্রিক্ট উক্ত অন্যতর নগরে না থাকিলে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

বিবাহের রেজিষ্ট্রার সর্টিফিকেট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

উক্ত হাই কোর্টের অন্যতর জজ কিম্বা বিষয় বিশেষে জিলার জজ সাহেব সরাসরীমতে ঐ দরখাস্তের লিখিত কথার অনুসন্ধান লইয়া তাহা নিষ্পত্তি করিবেন।

দরখাস্ত দিলে কার্য্য প্রণালীর কথা।

সেই হাই কোর্টের জজের বা বিষয় বিশেষে জিলার জজ সাহেবের ঐ নিষ্পত্তি চূড়ান্ত হইবে, ও বিবাহের যে রেজিষ্ট্রারের নিকট প্রথমে বিবাহের সর্টিফিকট দিবার প্রার্থনা হইয়াছিল তিনি ঐ নিষ্পত্ত্যনুসারে কার্য্য করিবেন।

৪৭ ধারা। এদেশীয় রাজ্যাধিকারনিবাসী কোন বিবাহের রেজিষ্ট্রার যদি কোন সময়ে সর্টিফিকট দিতে অস্বীকার করেন তবে বিবাহার্থি একতর ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন, তাহা হইলে তিনি সেই বিষয় নিষ্পত্তি করিবেন।

এদেশীয় রাজ্যের অন্তর্গত রেজিষ্ট্রার সর্টিফিকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

তাঁহার সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও বিবাহের যে রেজিষ্ট্রারের নিকটে প্রথমে প্রার্থনা করা গেল তিনি ঐ নিষ্পত্ত্যনুসারে কার্য্য করিবেন।

৪৮ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪৪ ধারার বিধানমতে কার্য্য করিলে যে ব্যক্তি সর্টিফিকট দিতে নিষেধ করেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা আছে কি না বিবাহের ঐ রেজিষ্ট্রারের এমত সন্দেহ থাকিলে যদি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরের মধ্যে ঐ রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্ট থাকে তবে তিনি হাই কোর্টের অন্যতর জজ সাহেবের নিকট কিম্বা যদি ঐ ডিষ্ট্রিক্ট উক্ত কোন নগরের মধ্যে না থাকে তবে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত দিবেন।

যে ব্যক্তি নিষেধ করেন তাঁহার ক্ষমতা আছে কি না এই বিষয়ে রেজিষ্ট্রারের সন্দেহ থাকিলে দরখাস্ত করিবার কথা।

সেই দরখাস্তে তিনি ঐ বিষয়ের সমস্ত বৃত্তান্ত লিখিয়া তদ্বিষয়ে কোর্টের আজ্ঞা ও আদেশ প্রার্থনা করিবেন—

দরখাস্ত হইলে কার্য্য প্রণালীর কথা।

এবং উক্ত হাই কোর্টের অন্যতর জজ কিম্বা উক্ত জিলার জজ সাহেব ঐ দরখাস্তের লিখিত কথার ও ঐ বিষয়ের বৃত্তান্তের অনুসন্ধান লইবেন।

তাহা লইয়া যে ব্যক্তি ঐ সর্টিফিকট দিতে নিষেধ করেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা নাই, হাই কোর্টের উক্ত অন্যতর জজ কিম্বা উক্ত জিলার জজ সাহেবের এমত বোধ হইলে যে ব্যক্তি সর্টিফিকট দিতে নিষেধ করেন তাঁহার পূর্ব্বোক্ত ক্ষমতা নাই ইহা প্রকাশ করিবেন।

তাহা হইলে সেই সর্টিফিকট দেওয়া যাইবে এবং ঐ সর্টিফিকট দেওয়া নিষিদ্ধ না হইলে ঐ বিবাহ সম্পর্কে যদ্রূপ কার্য্যানুষ্ঠান হইত তদ্রূপই হইতে পারিবে।

কোন বিবাহের রেজিষ্ট্রার ৮ ধারামতে এদেশীয় কোন রাজ্যাধিকারে উক্ত কর্ম্ম করিতে নিযুক্ত হইলে এবং যে ব্যক্তি সর্টিফিকট দিতে নিষেধ করেন তিনি আইনমতে সেই কার্য্য করিতে ক্ষমতাপন্ন বিবাহের উক্ত রেজিষ্ট্রার সাহেব ইহা হৃদ্বোধমত না জানিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর

এদেশীয় রাজ্যাধিকারে বিবাহের রেজিষ্ট্রার নিষেধকারি ব্যক্তির ক্ষমতার বিষয়ে সন্দেহ করিলে তাঁহার দরখাস্ত করিবার কথা।

জেনরল সাহেবের নিকট উক্ত বিষয়ের সমস্ত বৃত্তান্ত বর্ণনাপত্র ও তৎসম্পর্কীয় সকল কাগজপত্র পাঠাইয়া দিবেন।

যে ব্যক্তি ঐ সর্টিফিকট দিতে নিষেধ করেন আইন মতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা নাই মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত বোধ হইলে তিনি পূর্ব্বোক্ত ব্যক্তিকে ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ করিতে অক্ষম প্রকাশ করিবেন।

সেই স্থলে কার্য্যপ্রণালীর কথা।

তাহা হইলে ঐ সর্টিফিকট দেওয়া যাইবে এবং উক্ত ব্যক্তি কর্ত্তৃক সর্টিফিকট দিবার নিষেধ না হওয়ার ন্যায় ঐ বিবাহ সম্বন্ধীয় সমস্ত কার্য্যানুষ্ঠান হইবে।

৪৯ ধারা। কোন ব্যক্তি বিবাহের রেজিষ্ট্রারের নিকট এই অধ্যায়ানুসারে সর্টিফিকট দিবার আপত্তি লিখিয়া জানাইলে ও সেই রেজিষ্ট্রার ৪৪ ধারামতে কিম্বা হাই কোর্টের জজ কিম্বা জিলার জজ সাহেব ৪৫ কি ৪৬ ধারামতে সেই আপত্তির কারণ তুচ্ছ তদ্ধেতুক সর্টিফিকট দেওয়ার বাধা হওয়া অনুচিত জ্ঞান করিলে তৎসম্পর্কীয় যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় ঐ ব্যক্তি তাহার খরচের ও হানিপূরণের দায়ী হইবেন। ও যে ব্যক্তির বিবাহ বিষয়ে আপত্তি হয় তিনি মোকদ্দমা করিয়া হানিপূরণের ঐ টাকা আদায় করিতে পারিবেন।

কোন ব্যক্তি তুচ্ছ কারণে সর্টিফিকট দিবার আপত্তি করিলে তাহার দায়ের কথা।

৫০ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪১ ধারার বিধান মতে যে সর্টিফিকট দিবেন তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের পাঠানুসারে কিম্বা তাহার মর্ম্মমতে লেখা যাইবে।

সর্টিফিকট লিখিবার পাঠের কথা।

এবং যতখানি সর্টিফিকটের পাঠ দিলে কার্য্য চলিতে পারিবে প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্ট বিবাহের প্রত্যেক রেজিষ্ট্রারকে ততখানি দিবেন।

৫১ ধারা। বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া গেলে পর,

অথবা এই আইনমতে ভিন্নং ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারদিগকে নোটিস দেওয়ার প্রয়োজন হইলে ঐং ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারদের সর্টিফিকট দেওয়া গেলে পর,

সর্টিফিকট দেওয়া গেলে পর বিবাহ সাধন হইতে পারিবে।

যদি আইনমতে ঐ সর্টিফিকটের বা ঐং সর্টিফিকটের নির্দ্দিষ্ট উভয় ব্যক্তির বিবাহ হইবার প্রতিবন্ধক না থাকে তবে তাঁহাদের জ্ঞানে যে প্রথা ও যে নিয়ম উচিত হয় তদনুসারে তাঁহাদের বিবাহ হইতে পারিবে।

কিন্তু ঐ সর্টিফিকট কিম্বা ঐং সর্টিফিকট বিবাহের রেজিষ্ট্রারকে দিতে হইবে এবং তাঁহার সাক্ষাতে ও তদ্ভিন্ন দুই কি তদধিক জন প্রামাণিক সাক্ষির সাক্ষাতে বিবাহ সাধন করিতে হইবে।

এবং বিবাহ হইবার কোন সময়ে বর ও কন্যা উভয় এই কিম্বা এই মর্ম্মের কথা কহিবেন—

'শ্রীঅমুকের (বা শ্রীমতী অমুকীর) সহিত আমার বিবাহ হইবার আইনমত কোন প্রতিবন্ধক জানি না, ইহা বর্ণিত কহিলাম।"

এবং তাঁহাদের দুইজন পরস্পর এই কথা কিম্বা এই মর্ম্মের কথা কহিবেন—"শ্রী অমুক আমি শ্রীমতী তোমাকে (তথা শ্রীমতী আমি শ্রী অমুক তোমাকে) আপনার বৈধ বিবাহিতা স্ত্রী (বা বিবাহিত স্বামী) বলিয়া গ্রহণ করিলাম। উপস্থিত সকল ব্যক্তিকে ইহার সাক্ষী মানিলাম।'

৫২ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪ ধারার বিধান মতে নোটিস লিখিয়া দিলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে তৎসম্পর্কে যে সর্টিফিকট ও নোটিস দেওয়া গেল ও অন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান হইল তাহা ব্যর্থ হইবে।

নোটিস দেওয়া গেলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে নূতন নোটিস দিতে হইবার কথা।

ও যত কাল ঐ বিবাহের নূতন নোটিস দেওয়া না যায় ও বহীতে লেখা না যায় ও পূর্ব্বোক্ত সময়ে ও নিয়মানুসারে যতকাল সর্টিফিকট দেওয়া না যায় ততকাল কোন ব্যক্তি ঐ বিবাহ সাধন করিতে প্রবৃত্ত হইবেন না ও বিবাহের কোন রেজিষ্ট্রার আপনার বহীতে তাহা লিখিবেন না।

৫৩ ধারা। এই অধ্যায়মতে বিবাহের যে রেজিষ্ট্রারের সম্মুখে কোন বিবাহ সাধন হয় সেই বিবাহ সম্পর্কীয় যেং বিষয় তাঁহার রেজিষ্টরী করিতে হইবে তিনি বিবাহার্থিদিগকে তাহা জিজ্ঞাসা করিতে পারিবেন।

বিশেষ যেং কথা রেজিষ্টরী করা যাইবে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের তাহা জিজ্ঞাসা করিবার কথা।

৫৪ ধারা। এই অধ্যায়মতে বিবাহ সাধন হইলে পর বিবাহের যে রেজিষ্ট্রার তৎকালে উপস্থিত হন তিনি অগৌণে ঐ বিবাহের দোকর রেজিষ্টরি করিবেন অর্থাৎ এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে বিবাহের রেজিষ্টরি বহীতে তাহা রেজিষ্টরি করিবেন, এবং বিবাহের রেজিষ্টরি হইতে অনুলিপির পত্রস্বরূপ যে সর্টিফিকট সংযুক্ত থাকে তাহাতেও তাহা রেজিষ্টরি করিবেন।

এ অধ্যায়মতে যে বিবাহ সাধন হয় তাহা রেজিষ্টরী করিবার কথা।

ঐ সর্টিফিকট ও বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ বিবাহের যে কথা লেখা যায় যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন কিম্বা যাঁহার সাক্ষাতে সাধন হয় এমত ব্যক্তি থাকিলে তিনি তাহাতে স্বাক্ষর করিবেন এবং বিবাহের যে রেজিষ্ট্রার ঐ বিবাহকালে উপস্থিত হন তৎকর্ত্তৃক বিবাহ সাধন হইলে কি না হইলেও তিনি তাহাতে স্বাক্ষর করিবেন ও যাঁহাদের বিবাহ হইয়াছে তাঁহারা এবং বিবাহের রেজিষ্ট্রার ও যে ব্যক্তি বিবাহ

সাধন করেন এই দুই ব্যক্তি ভিন্ন দুইজন প্রামাণিক সাক্ষী তাহাতে স্বাক্ষর করিবেন।

উক্ত বহীর কথা প্রথমাবধি শেষ পর্য্যন্ত ক্রমান্বয়ে লিখিতে হইবে এবং বিবাহের রেজিস্টরী বহীতে ঐ কথার যে নম্বর থাকে ঐ সর্টিফিকটেও সেই নম্বর থাকিবে।

প্রতি মাসে রেজিষ্টরী জেনরল সাহেবের নিকট সর্টিফিকট পাঠাইবার কথা।

৫৫ ধারা। বিবাহের রেজিস্ট্রার বিবাহের রেজিস্টরী বহী হইতে সর্টিফিকট কাটিয়া লইয়া প্রতি মাসের শেষে [ক জন্ম মৃত্যু ও বিবাহের রেজিস্ট্রার জেনরল [ক সাহেবের নিকট পাঠাইবেন।

রেজিষ্টরী বহী রাখিবার কথা।

উক্ত রেজিস্টরী বহী যত কাল পূর্ণ না হয় বিবাহের রেজিস্ট্রার তাহা নির্ব্বিঘ্নে রাখিবেন পরে [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিস্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট পাঠাইবেন। তিনি আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে তাহা গাঁথিয়া রাখিবেন।

এদেশীয় রাজ্যাধিকারের রেজিষ্ট্রারেরা সর্টিফিকট যে কার্য্যকারকদের নিকট পাঠান যাইবে তাহার কথা।

৫৬ ধারা। এদেশীয় রাজ্যাধিকারের অন্তর্গত বিবাহের যে রেজিস্ট্রার থাকেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেট জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কার্য্যকারকদিগকে এতন্নিমিত্তে নিযুক্ত করেন তিনি তাঁহাদের নিকট ৫৪ ধারার উল্লিখিত সর্টিফিকট পাঠাইবেন।

এদেশীয় খ্রীষ্টীয়ান নোটিসের ও সর্টিফিকটের কথা বুঝিয়াছেন ইহা রেজিষ্ট্রারের নিশ্চয়মতে জানিবার কথা।

৫৭ ধারা। এদেশীয় কোন খ্রীষ্টীয়ান বিবাহ করিতে উদ্যত হইয়া বিবাহের রেজিস্ট্রারের নিকট বিবাহের নোটিস দিতে গেলে কিম্বা সর্টিফিকট প্রার্থনা করিলে তিনি ইংরাজী ভাষা বুঝেন কি না বিবাহের রেজিস্ট্রার প্রথমে ইহা জানিয়া লইবেন। যদি না বুঝেন তবে অন্য যে ভাষা বুঝেন বিবাহের রেজিস্ট্রার সেই ভাষায় তাঁহার নিকট ঐ নোটিস কি সর্টিফিকট দিবার বিষয় বিশেষ ঐ দুই পত্র অনুবাদ করিয়া বা করাইয়া দিবেন।

কিম্বা তিনি ঐ নোটিসের ও সর্টিফিকটের মর্ম্ম ও ভাব বুঝিয়াছেন প্রকারান্তরে ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন।

বিবাহকালে প্রতিজ্ঞা করা যায় এদেশীয় খ্রীষ্টীয়ানদিগকে তাহা বুঝাইয়া দিবার কথা।

৫৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে এদেশীয় কোন খ্রীষ্টীয়ানের বিবাহ হইলে সেই ব্যক্তি ইংরাজী ভাষা বুঝেন কি না যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি এই কথা নিশ্চয়মতে জানিয়া লইবেন। যদি না বুঝেন তবে বিবাহ কালে এই আইনের বিধানানুসারে যে প্রতিজ্ঞা করিতে হইবে যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি বিবাহ সাধন করণ সময়ে এদেশীয় ঐ খ্রীষ্টীয়ান যে ভাষা বুঝিতে পারেন সেই ভাষায় তাঁহার নিকট ঐ প্রতিজ্ঞা অনুবাদ করিবেন কি করাইবেন।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ রেজিষ্টরী করিবার কথা।

৫৯ ধারা। এই অধ্যায়মতে এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ হইলে ৩৭ ধারার বিধি যতদূর খাটিতে পারে ততদূর সেই বিধিমতে তাঁহাদের বিবাহ হইবে, প্রকারান্তরে নয়।

[ক ক] মূল শব্দগুলির পরিবর্ত্তে এই শব্দগুলি ১৮৮৬ সালের ৬ আইনের ৩ ধারার (১) প্রকরণ দ্বারা সন্নিবেশিত হইয়াছে। [১৮৮৪-৮৮ সালের সাধারণ আইন গ্রন্থের ১৮৮৭ সালের সংস্করণের ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত।]

ষষ্ঠ অধ্যায়।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের বিধি।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের সর্টিফিকট যে নিয়মমতে দেওয়া যাইবে তাহার কথা।

৬০ ধারা। এদেশীয় খ্রীষ্টীয়ানেরা এই আইনের এই অধ্যায়ানুসারে সর্টিফিকট প্রার্থনা করিলে তৃতীয় অধ্যায়মতে প্রথমে নোটিস না দিয়া পশ্চাৎ লিখিত নিয়ম পালন করিলে তাঁহাদিগকে এই অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দেওয়া যাইতে পারিবে, নতুবা দেওয়া যাইবে না। নিয়ম এই২—

(১) বিবাহার্থি পুরুষের ষোল বৎসরের অধিক বয়স ও বিবাহার্থিনীর ত্রয়োদশ বৎসরের অধিক বয়স হয়।

(২) বিবাহার্থি বরের জীবিত অন্য পত্নী কি স্ত্রীর জীবিত অন্য পতি না থাকে।

(৩) বিবাহার্থি ব্যক্তিরা ৯ ধারামতে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির এবং অন্যূন দুই জন প্রামাণিক সাক্ষির সাক্ষাতে এক জন অন্যের প্রতি এই কথা কিম্বা এই মর্ম্মের কথা কহেন অর্থাৎ

"সর্ব্বশক্তিমান পরমেশ্বরের সাক্ষাতে ও আমাদের প্রভু যীশুখ্রীষ্টের নামে আমি শ্রীঅমুক অমুক নামি (শ্রীমতী অমুকা) তোমাকে আমার বৈধ বিবাহিতা পত্নী কি বৈধ বিবাহিত পতি) বলিয়া গ্রহণ করিলাম ও উপস্থিত সমস্ত ব্যক্তিকে এই বিষয়ের সাক্ষী মানিলাম।"

কিন্তু বিবাহার্থি এক জন ব্যক্তির যদি অষ্টাদশ বৎসর বয়স পূর্ণ না হয় তবে ৯ ধারামতে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন ঐ সঙ্কল্পিত বিবাহ বিষয়ে তাঁহার অনুমতি না হইলে কিম্বা তদ্রূপ অনুমতি দিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি না থাকিলে এই অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দেওয়া যাইবে না।

সর্টিফিকট দিবার কথা।

৬১ ধারা। এই অধ্যায়মতে যে বিবাহ সাধন হইবে তৎসম্পর্কে ৬ ধারার নির্দ্দিষ্ট নিয়ম পালন হইলে পূর্ব্বোক্ত লাইসেন্সপ্রাপ্ত যে ব্যক্তির সাক্ষাতে উক্ত প্রতিজ্ঞা করা যায় তিনি ঐ বিবাহ সম্বন্ধীয় একতর

ব্যক্তির প্রার্থনামতে চারি আনা ফী লইয়া ঐ বিবাহের সর্টিফিকট দিবেন।

সেই সর্টিফিকটে উক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি স্বাক্ষর করিবেন। এবং ঐ বিবাহের সিদ্ধতা বিষয়ে কোন মোকদ্দমা উপস্থিত হইলে সেই সর্টিফিকট ঐ বিবাহ সাধন হইবার সিদ্ধ প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে।

রেজিষ্টরী বহী রাখিবার এবং রেজিষ্ট্রার জেনরলের নিকট তন্মধ্য হইতে উদ্ধৃত কথা রাখিয়া দিবার কথা।

[ক] ৬২ ধারা। (১) নয় ধারানুসারে লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি আপন মাতৃভাষায় কিম্বা যে রাজ্যাধিকার বা জেলায় বিবাহ সাধন করা হইয়াছিল তথায় যে দেশীয় ভাষা সাধারণত ব্যবহৃত হয়, সেই ভাষায় এবং যে স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক তাঁহাকে লাইসেন্স দেওয়া হইয়াছিল সেই স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে পাঠ নির্দ্দেশ করেন তাঁহার সম্মুখে এই অধ্যায়ানুসারে সাধন করা সমস্ত বিবাহের একখানি রেজিষ্টরী বহী রাখিবেন এবং উক্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে পাঠ ও যে সময় অন্তরের নির্দ্দেশ করেন সেই পাঠে ও সেই সময় অন্তরে ঐ সকল সময়ের মধ্যে শেষ সময়ের পর তাঁহার রেজিষ্টরী বহীতে যে সমস্ত কথা লিখিত হইয়াছে তাহার যথার্থ ও যথারীতি স্বাক্ষরিত উদ্ধৃত লিপি ঐ গবর্ণমেণ্টের শাসনাধীন প্রদেশের জন্মমৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের আফিসে রাখিয়া দিবেন।

[ক] মূল ৬২ ধারার পরিবর্ত্তে এই ধারাটী ১৮৯১ সালের ২ আইনের ৪ (১) ধারা দ্বারা সন্নিবেশিত হয়।

(২) যে ব্যক্তি রেজিষ্টরী বহী রাখেন তাঁহাকে যে স্থলে কোন এদেশীয় রাজ্যাধিকার সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক লাইসেন্স দেওয়া হইয়াছে সে স্থলে (১) প্রকরণের লিখিত স্থানীয় গবর্ণমেণ্টের যে উল্লেখ ঐ প্রকরণে আছে তাহা যে স্থানীয় গবর্ণমেণ্টের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট জন্ম মৃত্যু ও বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৮৬ সালের আইনের [ক] ১৪ ধারার (২) প্রকরণানুসারে জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল উপস্থিত সময় পাঠান আবশ্যক সেই স্থানীয় গবর্ণমেণ্টের উল্লেখ বলিয়া পাঠ করিতে হইবে।

রেজিষ্টরী বহীতে অনুসন্ধান লইবার ও কথার নকল দিবার কথা।

৬৩ ধারা। এই আইনমতে বিবাহের সর্টিফিকেট দিবার লাইসেন্সপ্রাপ্ত যে ব্যক্তির রক্ষণে ৬২ ধারামতে বিবাহের রেজিষ্টরী বহী থাকে তিনি উপযুক্ত সকল সময়ে ঐ বহীতে অনুসন্ধান লইবার অনুমতি দিবেন এবং উপযুক্ত ফী পাইলে ঐ বহীর লিখিত কোন কথার নকল করাইয়া তাহাতে সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিয়া দিবেন।

১ কি ৩ অধ্যায়মতে এদেশীয় খ্রীষ্টিয়ানদের বিবাহ যে বহীতে রেজিষ্টরী করা যায় তাহার কথা।

৬৪ ধারা। রেজিষ্টরী বহী লিখিবার পাঠের বিষয়ে ও তাহা হইতে উদ্ধৃত কথা রাখিবার বিষয়ে ও ঐ বহীর লিখিত কথার অনুসন্ধান লইবার ও নকল করিয়া দিবার বিষয়ে ৬২ ও ৬৩ ধারায় যেং বিধান আছে তাহার কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে সেই বিধান ৩৭ ধারামতে যে বহী রাখিতে হইবে তাহার প্রতিও বর্ত্তে।

রোমন কাথলিকদের প্রতি খাটে না। না খাটিবার কথা।

কোন২ বিবাহ অসিদ্ধ না হইবার কথা।

৬৫ ধারা। ৬৪ ধারায় ৬২ ও ৬৩ ধারার যে কথার উল্লেখ হইয়াছে তদ্ভিন্ন এই আইনের এই অধ্যায় রোমন কাথলিক লোকদের বিবাহের প্রতি খাটিবে না। কিন্তু ১৮৬৫ সালের ফেব্রুয়ারি মাসের ২৩ তারিখের পূর্ব্বে ১৮৬৪ সালের ২৫ আইনের [ক] পঞ্চম অধ্যায়ের বিধানমতে রোমন কাথলিক লোকদের মধ্যে যে বিবাহ হইয়াছে তাহা এই আইনের কোন কথা দ্বারা অসিদ্ধ হইবে না।

[ক] ১৮৫৫-৬৮ সালের সাধারণ আইনসংগ্রহের ১৮৯৮ সালের সংস্করণের ৫৭ পৃষ্ঠায় মুদ্রিত।

সপ্তম অধ্যায়।

দণ্ডের বিধি।

বিবাহ সম্পন্ন করাইবার নিমিত্ত মিথ্যা শপথ প্রতিজ্ঞা নোটিস বা সর্টিফিকেটের কথা।

[খ] ৬৬ ধারা। যে কোন ব্যক্তি বিবাহ সম্পন্ন করাইবার নিমিত্ত কিম্বা বিবাহের লাইসেন্স প্রাপ্ত হইবার নিমিত্ত—

(ক) যে স্থলে এই আইনক্রমে কিম্বা চর্চ অফ ইংলণ্ড, চর্চ অফ স্কটলণ্ড এবং চর্চ অফ রোম ইহাদের মধ্যে যে চর্চের প্রক্রিয়াদি অনুসারে কোন বিবাহ সাধন করা অভিপ্রেত হয় সেই চর্চের কোন বিধি বা আচার অনুসারে শপথ বা প্রতিজ্ঞা আবশ্যক সে স্থলে ইচ্ছা করিয়া মিথ্যা শপথ বা প্রতিজ্ঞা করেন। কিম্বা

(খ) যে স্থলে এই আইন অনুসারে নোটিস বা সর্টিফিকট আবশ্যক সে স্থলে ইচ্ছা করিয়া মিথ্যা নোটিস বা সর্টিফিকেটে স্বাক্ষর করেন—

[ক] ১৮৬৭ সালের ২৫ আইন ১৮৯১ সালের ৫ আইন দ্বারা রহিত করা হয়।

[খ] মূল ৬৬ ধারার পরিবর্ত্তে এই ধারাটী ১৮৯১ সালের ২ আইনের ৫ ধারা দ্বারা সন্নিবেশিত হয়।

তিনি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের [ক] ১২৩ ধারানুসারে যে অপরাধের জন্য তিন বৎসরের অনধিক কাল কোন এক প্রকারের কারাদণ্ড এবং আদালতের বিবেচনানুসারে অর্থদণ্ড হইতে পারে সেই অপরাধ করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

৬৭ ধারা। বিবাহ করণার্থে আইনমতে যে ব্যক্তির সম্মতির প্রয়োজন যদি কোন পুরুষ কি স্ত্রী মিথ্যা করিয়া আপনাকে তদ্রূপ ব্যক্তি বলিয়া প্রকাশ করেন, ও সেই কথা মিথ্যা জানিয়া কি বিশ্বাস করিয়া কিম্বা সত্য জ্ঞান করিবার কারণ বিনা বিবাহের রেজিস্ট্রারের দ্বারা সর্টিফিকট দিতে নিষেধ করেন তবে সেই ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের [ক] ২ ৫ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী বলিয়া জ্ঞান হইবেন।

আপনাকে অন্য ব্যক্তি বলিয়া বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দিতে নিষেধ করিলে দণ্ডের কথা।

[খ] ৬৮ ধারা। যদি কোন ব্যক্তি বিবাহ সাধন করিবার নিমিত্ত এই আইনের ৫ ধারানুসারে ক্ষমতাপ্রাপ্ত না হইয়া যে জেলায় বিবাহ সম্পন্ন হয় সেই জেলার কোন বিবাহের রেজিস্ট্রারের অনুপস্থিতে এমন ব্যক্তিদ্বয়ের মধ্যে বিবাহ সাধন করেন বা সাধন করেন বলিয়া প্রকাশ করেন যাঁহাদের একজন বা দুই জনই খ্রীষ্টীয়ান তাহা হইলে তাঁহার দশবৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইবে অথবা (সাত বৎসরের অধিক কালের কারাদণ্ডাজ্ঞার পরিবর্ত্তে) সাত বৎসরের অন্যূন ও দশ বৎসরের অনধিক দ্বীপান্তর বাস দণ্ড হইবে।

উপযুক্ত ক্ষমতা ব্যতীত বিবাহ সাধন করিবার কথা।

[ক] ১৮৬ সালের ৪৫ আইনের পরিবর্ত্তে ব্যবস্থা কার্য্যবিভাগ কর্ত্তৃক প্রকাশিত ৮৯ সালের ১ আগষ্ট পর্য্যন্ত পরিবর্ত্তিত সংশোধিত স স্করণ দেখ।

[খ] মূল ৬৮ ধারার পরিবর্ত্তে এই ধারাটী ১৮৯১ সালের ২ আইনের ৬ ধারা দ্বারা সন্নিবেশিত হয়।

এবং অপরাধী যদি ইউরোপীয় বা আমেরিকাবাসী হন তাহা হইলে (ইউরোপীয় ও আমেরিকাবাসী কয়েদি সম্বন্ধে দ্বীপান্তর বাস দণ্ডের পরিবর্ত্তে দণ্ডরূপ পরিশ্রম দণ্ড ব্যবস্থা ক... এ সকল ক..দ দিগকে স্থানান্তর করণ স...ন্ধীয় আইন সংশোধন করণার্থ) ১৮৫৫ সালের ২৮ আইনের [ক] বিধানানুসারে তাঁহার দণ্ডস্বরূপ পরিশ্রম দণ্ড হইবে।

এবং তাঁহার জরিমানা হইতেও পারিবে। [খ]

৬৯ ধারা। বিবাহার্থি ব্যক্তিদের এক কি উভয় খ্রীষ্টীয়ান হইলে যদি কোন ব্যক্তি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে পূর্ব্বাহ্নের ৬ ঘন্টা ও অপরাহ্নের ৭ ঘন্টার মধ্য সময় ভিন্ন কোন সময়ে কিম্বা যে ব্যক্তি বিবাহ সাধন করেন তদ্ব্যতীত অন্য দুইজন প্রামাণিক সাক্ষী না থাকিলে সেই ব্যক্তিদের বিবাহ সাধন করেন তবে তাঁহার তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইবে এবং তাঁহার অর্থদণ্ড ... তে পারিবে।

নিরূপিত সময় ভিন্ন অন্য সময়ে কিম্বা সাক্ষিদের অনুপস্থিতিতে বিবাহ সাধনের দণ্ডের কথা।

ডৈওসীসের আঙ্গলিকান বিশপ সাহেবের কিম্বা তাঁ ... কা...সি... সাহেবের দত্ত বিশে... লাইসেন্সের বলে যে... বিবা... ... ন হয় তাহার প্রতি এই ... বিধান বর্ত্তিবে না। এবং ... অফ রোমের যে কোন পাদরী সন্ধ্যাকালের ৭ ঘণ্টার ও প্রাতঃকালের ৬ ঘণ্টার মধ্যে কোন বিবাহ সাধন করেন তিনি যদি তৎপক্ষে ১ ধারার উল্লিখিত সাধারণ কি বিশেষ লাইসেন্স পাইয়া থাকেন তবে উক্ত বিধান সেই বিবাহের প্রতিও বর্ত্তিবে না।

কিন্তু বিশেষ অনুমতি ...ইয়া যে বিবাহ সাধন হয় ...প্রতি এই বিধি না খাটি...র কথা।

[ক] এবং চর্চ অফ স্কটলণ্ডের কোন পাদরী চর্চ অফ স্কটলণ্ডের বিধি ও ক্রিয়া ও প্রথা ও আচার অনুসারে যে সকল বিবাহ সাধন করেন তৎসম্বন্ধে এই ধারা খাটিবে না। [ক]

৭ ধারা। এই আইনমতে বিবাহ সাধন করিবার লাইসেন্স প্রাপ্ত কোন ধর্ম্মাচার্য্য লিখিত নোটিস না পাইয়া, কিম্বা পাইলেও বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে, তাঁহাদের বিবাহ বিষয়ে প্রয়োজনমতে পিতামাতার কি অভিভাবকের অনুমতি না পাইয়া যদি ঐ বিবাহের নোটিস পাইবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে তৃতীয় অধ্যায়মতে সেই বিবাহ সাধন করেন, তবে তাঁহার তিন বৎসরের অনধিক কারাদণ্ড হইবে, এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে।

একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে নোটিস বিনা কিম্বা নোটিস পাইবার পর চৌদ্দদিনের মধ্যে বিবাহ সাধনের দণ্ডের কথা।

[ক] ১৮৩৮ সালের সাধারণ আইন সংগ্রহের ১৮৮৭ সালের সংস্করণের ৯৮ পৃষ্ঠায় প্রকাশিত।

[খ] ১৮৯১ সালের ১২ আইনের দ্বারা বহিত কথা শব্দগুলি উঠাইয়া দেওয়া হইয়াছে।

[ক ক] এই শব্দগুলি ১৮৯১ সালের ২ আইনের ৭ ধারা দ্বারা সংযোজিত হয়।

৭১ ধারা। এই আইনমত বিবাহের রেজিস্ট্রার যদি নিম্নলিখিত কোন অপরাধ করেন অর্থাৎ —

নোটিস প্রভৃতি প্রকাশ না করিয়া সর্টিফিকট দিবার কি বিবাহ সাধন করিবার দণ্ডের কথা।

(১) এই আইনের বিধানমতে বিবাহের নোটিস প্রকাশ না করিয়া যদি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহের কোন সর্টিফিকট দেন কিম্বা বিবাহ সাধন করেন,

[ক] (২) কোন বিবাহ সম্বন্ধে ৪ ধারার আদেশমতে নোটিসের নকল লিখিত হইবার পর দুই মাস অতীত হইলে ঐ বিবাহ সাধন করেন,

নোটিসের কাল অতীত হইবার পর বিবাহ সাধন করিবার কথা।

(৩) কিম্বা বিবাহার্থি ব্যক্তিদের একজন অপ্রাপ্তব্যবহার হইলে উক্ত নোটিস প্রাপ্ত হইলে পর ১৪ দিনের মধ্যে তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞাক্রমে অনুমতি না পাইলেও যদি বিবাহ সাধন করেন কিম্বা সেই ডিষ্ট্রিক্টে দুই কি অধিক জন বিবাহের রেজিষ্ট্রার থাকিলে আপনি ঐ ডিষ্ট্রিক্টের বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার না হইয়াও যদি ঐ ডিষ্ট্রিক্টের বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের

কোর্টের অনুমতি ভিন্ন কিম্বা নোটিসে প্রতিলিপি না পাঠাইয়া চৌদ্দদিনের মধ্যে অপ্রাপ্তব্যবহারের বিবাহ সাধন করিবার কথা।

নিকট ডাকযোগে কি প্রকারান্তরে ঐ বিবাহ বিষয়ক নোটিসের প্রতিলিপি না পাঠাইয়া বিবাহ সাধন করেন

(৪) অথবা ঐ সর্টিফিকট দেওনে নিষেধ করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি এই আইনের বিধানমতে নিষেধ করিলেও যদি কোন সর্টিফিকট দেন,

ক্ষমতাপন্ন ব্যক্তি নিষেধ করিলেও সর্টিফিকট দিবার কথা।

তবে তাঁহার পাঁচ বৎসরের অনধিক কারাদণ্ড হইতে পারিবে।

৭২ ধারা। বিবাহের কোন রেজিষ্ট্রার পূর্ব্বোক্ত মতে নোটিস লিখিয়া রাখিলে পর [খ] দুই মাস [খ] গত হইলেও যদি জানিয়া শুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক বিবাহের কোন সর্টিফিকট দেন,

নোটিসের মিয়াদ ফুরা ইলে পর কিম্বা একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে চতুর্দ্দশ দিনের মধ্যে কিম্বা যাহার ক্ষমতা আছে এমত ব্যক্তি নিষেধ করিলে সর্টিফিকট দিবার দণ্ডের কথা।

কিম্বা বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলেও এবং উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের স্থানে সর্টিফিকট দিবার আজ্ঞাপ্রাপ্ত না হইলেও এবং বিবাহের সর্টিফিকট দিতে নিষেধ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে সর্টিফিকট দিতে নিষেধ করিলেও যদি বহীতে ঐ নোটিস লিখিয়া রাখিবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে জানিয়া শুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক কোন সর্টিফিকট দেন,

তবে তিনি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের [ক] ১৬৬ ধারার নির্দ্দিষ্ট অপরাধ করিয়াছেন এমত জ্ঞান হইবে।

[ক] ১ ধারার মূল ( ) দফার পরিবর্ত্তে এই দফাটী ১ ৯১ সালের ২ আইনের ৮ (১) ধারা দ্বারা সন্নিবেশিত হয়।

[খ খ] মূল শব্দগুলির পরিবর্ত্তে এই শব্দগুলি ১৮৯১ সালের ২ আইনের ৮ (২) ধারা দ্বারা সন্নিবেশিত হয়।

৭৩ ধারা। চর্চ অফ ইঙ্গলণ্ডের যে পাদরী রীতিমত বান প্রকাশ করণক্রমে কিম্বা ডৈওসাসের আঙ্গলিকান বিশপ সাহেবের কি তদর্থে ক্ষমতাপন্ন কোন সরোগেটের দত্ত লাইসেন্সের বলে বিবাহ সাধন করেন

চর্চ অফ ইঙ্গলণ্ডের কি স্কটলণ্ডের কি রোমের পাদরী ভিন্ন যাহারা বিবাহ সাধন করিবার ক্ষমতা পান তাঁহাদের কথা।

অথবা চর্চ অফ স্কটলণ্ডের যে পাদরী সেই মণ্ডলীর প্রথা ও রীতি ও ব্যবহার ও আচারানুসারে বিবাহ সাধন করেন, এমত পাদরী ভিন্ন অন্য যে কোন ব্যক্তি এই আইনের বিধানমতে বিবাহ সাধনের ক্ষমতা পাইয়া,

অথবা চর্চ অফ রোমের যে পাদরী সেই মণ্ডলীর প্রথা ও রীতি ও ব্যবহার ও আচারানুসারে বিবাহ সাধন করেন, এমত পাদরী ভিন্ন অন্য যে কোন ব্যক্তি এই আইনের বিধানমতে বিবাহ সাধনের ক্ষমতা পাইয়া

এই আইনের তৃতীয় অধ্যায়ের আদেশমতে পূর্ব্বোক্ত লোকদের বিবাহের নোটিস প্রকাশ না করিয়া কি না লট কাইয়া জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে এই আইনমতে বিবাহের কোন সর্টিফিকট দেন কিম্বা উক্ত প্রকার ব্যক্তিদের বিবাহ সাধন করেন,

কিম্বা নোটিস প্রকাশ না করিয়া সর্টিফিকট দেওনের কি বিবাহ সাধন করিবার কথা।

অথবা সর্টিফিকট দেওনের সময়াবধি দুই মাস অতীত হইলে পর তাঁহাদের বিবাহ সাধন করেন,

কিম্বা সর্টিফিকটের মিয়াদ ফুরাইলে পর।

অথবা বিবাহার্থি ব্যক্তিদের একজন অপ্রাপ্তব্যবহার হইলে, ঐ বিবাহের নোটিস পাইবার সময়াবধি ১৪ দিনের অবসান অপেক্ষা না করিয়া, কিম্বা ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকটে কিম্বা দুই কি অধিকজন বিবাহের রেজিষ্ট্রার থাকিলে ডিষ্ট্রিক্টের বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রারের নিকটে ডাকযোগে কি প্রকারান্তরে ঐ নোটিসের প্রতিলিপি না পাঠাইয়া জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহের কোন সর্টিফিকট দেন কিম্বা ঐ ব্যক্তিদের বিবাহ সাধন করেন,

নোটিস পাইলে পর চতুর্দ্দশ দিনের মধ্যে অপ্রাপ্তব্যবহারের বিবাহের সর্টিফিকট দিবার কি বিবাহ সাধন করিবার কথা।

কিম্বা সর্টিফিকট দিতে নিষেধ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি এই আইনমতে নিষেধ করিলেও জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে সর্টিফিকট দেন

ক্ষমতাপন্ন ব্যক্তি দ্বারা নিষিদ্ধ হইলেও সর্টিফিকট দেওনের কথা।

[ক] ১৮৬ সালের ৫৫ আইনের পরিবর্ত্তে ব্যবস্থা বিভাগ কর্ত্তৃক প্রকাশিত ৮ সালের ১ আগষ্ট পর্য্যন্ত সংশোধিত সংস্করণ দেখ।

কিম্বা কোন বিবাহ নিষেধ করণের ক্ষমতাপন্ন কোন ব্যক্তি নিষেধ করিলেও জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহ সাধন করেন,

ক্ষমতাপন্ন ব্যক্তি দ্বারা নিষিদ্ধ হইলেও বিবাহ সাধন করিবার কথা।

সেই ব্যক্তির চারি বৎসরের অনধিক কারাদণ্ড হইবে এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে।

৭৪ ধারা। যে ব্যক্তি এই আইনের ষষ্ঠ অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দিবার লাইসেন্স না পান এমত কোন ব্যক্তি আপনাকে তদ্রূপ লাইসেন্স প্রাপ্ত দেখাইবার অভিপ্রায়ে তদ্রূপ সর্টিফিকট দিলে

কোন ব্যক্তি লাইসেন্স না পাইয়াও পাইলাম বলিয়া সর্টিফিকট দিবার দণ্ডের কথা।

সেই ব্যক্তির পাঁচ বৎসরের অনধিক কারাদণ্ড হইবে এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে।

[ক] যে কোন ব্যক্তি এই আইনের ষষ্ঠ অধ্যায়ানুসারে বিবাহের সার্টিফিকট দিতে লাইসেন্সপ্রাপ্ত হইয়া ঐ অধ্যায়ানুসারে তাঁহার উপর যে সকল কর্ত্তব্য কর্ম্মের ভার পড়ে তন্মধ্যে কোনটী নির্ব্বাহ করিতে বিনা ন্যায্য কারণে অস্বীকার করেন কিম্বা ইচ্ছা করিয়া অবহেলা বা ত্রুটি করেন তাঁহার একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে। [ক]

৭৫ ধারা। কোন ব্যক্তি যদি আপনি কি অন্যের দ্বারা পূর্ব্বোক্ত প্রকারের কোন রেজিষ্টরী বহী কিম্বা তাহার অনুলিপিপত্রের সর্টিফিকট কি

রেজিষ্টর নষ্ট কি অন্যথা করিবার দণ্ডের কথা।

তাহার কোন অংশ কি তাহা হইতে উদ্ধৃত কোন প্রামাণিক কথা ইচ্ছাপূর্ব্বক নষ্ট করেন কি করান কি তাহার ক্ষতি করেন কি করান

কিম্বা যদি উক্ত রেজিষ্টর বহীর কি অনুলিপিপত্রের সর্টিফিকটের কোন অংশ মিথ্যা কি কৃত্রিম করেন কি করান

অথবা যদি উক্ত কোন রেজিষ্টরী বহীতে কিম্বা তাহার অনুলিপিপত্রের সার্টিফিকটে কি তাহা হইতে উদ্ধৃত কোন প্রামাণিক কথাতে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা কথা লেখেন কি লেখান,

তবে সেই ব্যক্তির সাত বৎসরের অনধিক কারাদণ্ড হইবে এবং তাহার অর্থদণ্ডও হইতে পারিবে।

[illegible margin note]

৭৬। এই আইনমতে যে অপরাধের দণ্ড হইতে পারে অপরাধ হইবার পর দুই বৎসরের মধ্যে অভিযোগ উপস্থিত করিতে হইবে।

অষ্টম অধ্যায়।

বিবিধ বিধি।

কোন আইনের নিয়মমত বিবাহ হইলে ২ বিষয়ের কার্য্য না হওয়াতে অসিদ্ধ না হইবার কথা।

৭৭ ধারা। [৪ ও ৫ ধারার বিধানানুসারে বিবাহ সাধন করা গেলে পর নিম্নলিখিত কোন বিষয়ের নিয়মানুসারে কার্য্য হয় নাই এই মাত্র কারণে ঐ বিবাহ অসিদ্ধ হইবে না। বিশেষত

[ক] ক ১৮৯১ সালের ২ আইনের ১ ধারা দ্বারা সংযোজিত।

(১) বিবাহিত ব্যক্তিদের বাসস্থান বিষয়ক কিম্বা আইনমতে সেই বিবাহ হইবার পূর্ব্বে যাহার অনুমতি পাওয়া আবশ্যক তাঁহার অনুমতি বিষয়ক কোন উক্তির।

(২) বিবাহের নোটিসের।

(৩) বিবাহের সর্টিফিকটের কি তাহার অনুবাদের।

(৪) যে সময়ে ও স্থানে বিবাহ সাধন হইল তাহার।

(৫) বিবাহ রেজিষ্টরী করণের।

ভ্রম সংশোধন করিবার কথা।

৭৮ ধারা। বিবাহ রেজিষ্টরী করণরূপ কার্য্যের ভার যে ব্যক্তির প্রতি অর্পিত থাকে তিনি নির্দ্দিষ্ট কথা লিখিবার পর ঐ কথার পাঠে কি মর্ম্মে কোন ভ্রম দেখিতে পাইলে প্রথম লিখিত কথা পরিবর্ত্তন না করিয়া এক মাসের মধ্যে ঐ বিবাহিত ব্যক্তিদের সাক্ষাতে কিম্বা তাঁহাদের মৃত্যু হইলে কি তাহারা অন্য স্থানে গেলে প্রামাণিক অন্য দুই সাক্ষির সাক্ষাতে ঐ পত্রের পার্শ্বে ঐ অশুদ্ধ কথা সংশোধন করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ও যে তারিখে ঐ কথা সংশোধন করিলেন তাহাও লিখিবেন। এবং সার্টিফিকটের লিখিত ঐ কথার পার্শ্বেও সেই প্রকার কথা লিখিবেন।

এই ধারামতে যে সাক্ষিদের সাক্ষাতে যে কথা লেখা যায় তাঁহারাও তাহাতে স্বাক্ষর করিবেন।

যদি ঐ সার্টিফিকট তৎপূর্ব্বে [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের নিকট পাঠান গিয়া থাকে তবে সেই ব্যক্তি প্রথম লিখিত অশুদ্ধ কথার ও তৎপার্শ্বলিখিত সংশোধিত কথার অন্য সর্টিফিকট লিখিয়া তাহাও সেই প্রকারে পাঠাইবেন।

অনুসন্ধান করিবার ও লিপির নকল দেওনের কথা।

৭৯ ধারা। এই আইনানুসারে বিবাহ সাধনকারী যে প্রত্যেক ব্যক্তির প্রতি ক্রমে বিবাহ রেজিষ্টরী করিবার আজ্ঞা হইল তিনি,

এবং এই আইনমতে বিবাহের কোন রেজিষ্টরী বহী কিম্বা কোন সর্টিফিকট কিম্বা সর্টিফিকটের কোন প্রতিলিপি কি নকল যৎকালে বিবাহের যে রেজিষ্ট্রারের ও [ক] জন্ম মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের জিম্মায় থাকে তিনি

উচিত ফী লইয়া উপযুক্ত সকল সময়ে আপনার রক্ষিত কোন রেজিষ্টরী বহীতে কিম্বা সর্টিফিকটের কি তৎপ্রতিলিপির কি নকলের অনুসন্ধান করিবার অনুমতি দিবেন এবং ঐ বহী প্রভৃতির লিখিত কোন কথার প্রতিলিপি স্বাক্ষর করিয়া দিবেন।

[ক ক] ৭৮ ও ৭৯ ও ৮১ ধারা [illegible] ১৮৮৬ সালের ৭ আইনের [illegible] ধারা [illegible] ১৮৮৭-৮৮ সালের সাধারণ আইন [illegible] ১৮৮৯ সালের সংস্করণের ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত।

বিবাহের রেজিষ্টরী বহী প্রভৃতিতে লিখিত কথার প্রতিলিপি প্রমাণ স্বরূপ হইবার কথা।

৮০ ধারা। এই আইনমতে বিবাহের যে রেজিষ্টর কি সর্টিফিকট কি তৎপ্রতিলিপি রাখিবার কি দিবার আজ্ঞা হয় তাহা যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার স্বাক্ষর করা বলিয়া ঐ রেজিষ্টরী বহীর লিখিত বিবাহের কোন কথার কিম্বা উক্ত সর্টিফিকটের কিম্বা সর্টিফিকটের অনুলিপির যে শংসিত প্রতিলিপি দেওয়া যায় ঐ রেজিষ্টরের কি সর্টিফিকটের কি অনুলিপির কিম্বা তল্লিখিত কোন কথার কিম্বা ঐ প্রতিলিপির অন্য প্রমাণ ভিন্ন তাহা উল্লিখিত বিবাহের কিম্বা সর্টিফিকটের উল্লিখিত বৃত্তান্তের প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে।

ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট কোন ২ বিবাহের সার্টিফিকট পাঠাইবার কথা।

৮১ ধারা। [ক] জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল [ক] সাহেবের ও ৫৬ ধারামতে নিযুক্ত কার্য্যকারকদের নিকট প্রতি বৎসর তিন ২ মাসান্তর যতখানি সর্টিফিকট পাঠান যায় তন্মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেব যে ২ বিবাহের প্রমাণ ইংলণ্ডে পাঠাইতে ইচ্ছা করেন,

উক্ত রেজিষ্ট্রার জেনরল সাহেব ও কার্য্যকারকেরা প্রতি বৎসরের তিন২ মাসের পর সেই ২ বিবাহে

সর্টিফিকেট বাছিয়া লইয়া তাহাতে স্বাক্ষর করিয়া ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট পাঠাইয়া দিবার জন্য হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট পাঠাইবেন। শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব [খ] ইংলণ্ডের [খ] জন্মের ও মৃত্যুর ও বিবাহের রেজিষ্টার জেনরল সাহেবকে তাহা দিবেন।

পরন্তু মান্দ্রাজ ও বোম্বাইর গবর্ণমেণ্ট ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট উক্ত প্রকারের সর্টিফিকেট একবারে পাঠাইবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের ফী নিরূপণ করিবার কথা।

৮২ ধারা। এই আইনমতে এই ২ বিষয়ের ফী লওয়া যাইবে—

বিবাহের নোটিস গ্রহণ ও প্রচার করিবার

ও বিবাহের রেজিষ্টারদের দ্বারা বিবাহের সর্টিফিকেট দেওনের ও বিবাহ রেজিষ্টরি করণের

ও উক্ত রেজিষ্টারের কর্তৃক বিবাহের সর্টিফিকেট দেওয়ার আপত্তি লিখিয়া দিবার কিম্বা সর্টিফিকেট দেওয়া নিষেধ করিবার

ও রেজিষ্টরী বহীতে কিম্বা সর্টিফিকেটে কি তাহার অনুলিপির কি প্রতিলিপির অনুসন্ধান লইবার

[ক ক] ১৮৯১ ও ৮১ ধারার ... শব্দগুলির ... এই শব্দগুলি ৮৮ সালের ৬ আইনের ... ধারার (খ) ... ধারা সন্নিবেশিত ... ৮৮। ৮৮ সালের সাধারণ আইনসংগ্রহের ১৮৮৯ সালের সংস্করণের ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত।]

[খ খ] ১৮৮৬ সালের ৬ আইনের ৩ ধারার (৭) দফার দ্বারা সংযোজিত।

এবং ঐ বহীতে যে কথা লেখা থাকে ৬৩ ও ৭১ ধারামতে তাহার প্রতিলিপি দেওনের ফী লওয়া যাইবে।

কত টাকা ফী দিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট ইহা নিরূপণ করিবেন।

এবং সময়ে ২ সাধারণমতে কিম্বা বিশেষ ২ স্থলে যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে ঐ ফী পরিবর্তন বা ক্ষমা করিতে পারিবেন।

বিধি করিবার ক্ষমতার কথা।

৮৩ ধারা। ৮২ ধারায় যে ফীর কথা লেখা আছে তাহা লইয়া কি করা যাইবে ও রেজিষ্টরী বহী কিরূপে দেওয়া যাইবে এবং এই আইনমতে যে বিবাহ সাধন করা যায় তাহার রিটর্ণ কিরূপে লিখিয়া পাঠাইতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট এই বিষয়ের বিধি করিতে পারিবেন।

এদেশীয় রাজ্যাধিকারের প্রতি ... অধিক ... পাকিবার কথা।

৮৪ ধারা। ৮২ ও ৮৩ ধারাতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা দেওয়া গেল, এদেশীয় রাজ্যাধিকারের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই ক্ষমতাতে কার্য্য করিতে পারিবেন।

জিলার জজ শব্দে কাহাকে জানিতে হবে ইহা নির্ণয় করিবার ক্ষমতার কথা।

৮৫ ধারা। এই আইন যে কোন স্থানের প্রতি বর্ত্তে সেই স্থানে কাহাকে জিলার জজ বলিয়া জানিতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই কথা নির্ণয় করিতে পারিবেন।

এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল ... কর্ত্তব্য ... অনেক ... ক্ষমতার কথা।

৮৬ ধারা। এই আইন দ্বারা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইল ও তাঁহার কর্ত্তব্য যে কর্ম্ম নিরূপণ হইল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তৎপক্ষে সময়ে ২ যে কার্য্যকারক দিগকে নিযুক্ত করেন তাহাদের প্রতি সেই ক্ষমতা ও সেই কর্ম্ম অর্পণ করা যাইতে পারিবে ও তাঁহারা তদনুসারে কার্য্য করিতে পারিবেন।

মান্দ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সির [ক] মধ্যে বা প্রান্তে [ক] এদেশীয় যে২ রাজ্যাধিকার থাকে তৎসম্পর্কে ঐ২ প্রেসিডেন্সির মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবেরা সেই২ ক্ষমতামতে সেই২ কর্ম্ম করিবেন।

কনসলের দ্বারা যে বিবাহ সাধন হয় তৎসম্পর্কে থাকিবার কথা।

৮৭ ধারা। কোন রাজমন্ত্রি কি কনসল কি কনসুলর এজেণ্ট সাহেব যে দেশের স্থলাভিষিক্ত স্বরূপ হন সেই দেশের আইনানুসারে সেই দেশীয় প্রজাদের মধ্যে বিবাহ সাধন করিলে তৎপ্রতি এই আইনের কোন কথা বর্ত্তে না।

নিষিদ্ধ বিবাহ অসিদ্ধ হইবার কথা।

৮৮ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তির পক্ষে যে ব্যবস্থা বর্ত্তে সেই ব্যবস্থানুসারে তাহার বিবাহ নিষিদ্ধ হইলে এই আইনের কোন কথাক্রমে সেই বিবাহ সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না।

[ক ক] ১৮৭২ সালের ১৫ আইন বিধিবদ্ধ হইবার সময় হইতে মূল শব্দগুলির পরিবর্তে এই শব্দগুলি ১৮৯১ সালের ২ আইনের ১ ধারা দ্বারা সন্নিবেশিত হইয়াছে।

প্রথম তফসীল।

(১২ ও ৩৮ ধারা দেখ।)

বিবাহের নোটিস।

অমুক স্থানের ধর্ম্মাচার্য্য বা রেজিষ্ট্রার অমুক সমীপেষু—

অদ্যকার তারিখ অবধি ইঙ্গরাজী পঞ্জিকামত তিন মাসের মধ্যে পশ্চাৎ লিখিত ও নির্দ্দিষ্ট ব্যক্তির সঙ্গে আমার বিবাহ হইবার কল্পনা আছে আপনাকে এই সংবাদ দিলাম।

নাম।	অবস্থা।	ব্যবসায় কি বৃত্তি।	বয়স।	বাসস্থান।	তথায় যত কাল বাস করিলেন।	যে চর্চ কি চাপলে কি ভজনালয়ে বিবাহ হইবে।	উভয় ব্যক্তি ভিন্ন ভিন্ন ডিষ্ট্রিক্টে বাস করিলে অন্য ব্যক্তি যে ডিষ্ট্রিক্টে বাস করেন।
জেম্‌স স্মিথ।	মৃতদার।	সূত্রধর।	পূর্ণ বয়স্ক	ক্রাইষ্টস্ট্রিটের ১৬ নম্বর।	২৩ দিন।	ক্রাইষ্ট চর্চ্চের ভজনালয় কলিকাতা।	
মার্থা গ্রীন।	অবিবাহিতা।		অপ্রাপ্তব্যবহার	হেষ্টিংসষ্ট্রিটের ২ নম্বর।	এক মাসের অধিক কাল।		

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ইহাতে স্বাক্ষর করিলাম।

জেম্‌স স্মিথ।

(উক্ত তফসীলের যেং ঘরে যেং কথা লেখা উদ্দেশ্য তাহাতে সেইং কথা লিখিতে হইবে এবং বিবাহার্থি ব্যক্তিদের একজন যদি অন্য ডিষ্ট্রিক্টে বাস করেন, তবে সেই অন্য ডিষ্ট্রিক্টের নাম শেষ ঘরে লিখিতে হইবে, নতুবা তাহা শূন্য থাকিবে।

দ্বিতীয় তফসীল।

(২৪ ও ৫ ধারা দেখ।

নোটিস পাইবার সর্টিফিকটের কথা।)

শ্রী অমুক আমি ইহাতে জ্ঞাপন করিতেছি যে পশ্চাৎলিখিত ও নির্দ্দিষ্ট ব্যক্তিদ্বয়ের যে বিবাহ হইবার কল্পনা আছে, তাহার সম্বাদ তাঁহাদের মধ্যে একজনের অর্থাৎ শ্রী অমুকের স্থানে প্রাপ্ত হওয়াতে আমার রক্ষণীয় বিবাহ বিষয়ক নোটিসের বহীতে তাহা নিয়মিতরূপে লেখা গেল, অর্থাৎ—

নাম।	অবস্থা।	ব্যবসায় কি বৃত্তি।	বয়স।	বাসস্থান।	তথায় যত কাল বাস করেন।	যে চর্চে কি চাপলে কি ভজনালয়ে বিবাহ হইবে।	উভয় ব্যক্তি ভিন্নং ডিষ্ট্রিক্টে বাস করিলে অন্য ব্যক্তি যে ডিষ্ট্রিক্টে বাস করেন।
জেম্‌স স্মিথ।	মৃতদার।	সূত্রধর।	পূর্ণবয়স্ক।	ক্রাইষ্টস্ট্রিটের ১৬ নম্বর।	২৩ দিন।	ক্রাইষ্ট চর্চ্চের ভজনালয় কলিকাতা।	
মার্থা গ্রীন।	অবিবাহিতা।		অপ্রাপ্ত ব্যবহার।	হেষ্টিংসষ্ট্রিটের ২ নম্বর।	এক মাসের অধিক কাল।		

এবং খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের ১৭ কি ৪১ ধারার আদেশমতে উক্ত জেম্‌স স্মিথ সাহেব নিয়মিতরূপে প্রতিজ্ঞা করিলেন।

নোটিস দিবার তারিখ। } এই সর্টিফিকট দিতে নিষেধ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি তাহা নিষেধ
সর্টিফিকট দিবার তারিখ। } করেন নাই।

ইহাতে আমি অমুক সালের অমুক তারিখে স্বাক্ষর করিলাম।

(স্বাক্ষর।)

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তৎপূর্ব্বে এই বিবাহ সাধন না হইলে এই সর্টিফিকট ব্যর্থ হইবে।

(উক্ত তফসীলের যেং ঘরে যেং কথা লেখা উদ্দেশ্য তাহাতে সেইং কথা লিখিতে হইবে, এবং বিবাহার্থি ব্যক্তিদের এক জন যদি অন্য ডিষ্ট্রিক্টে বাস করেন তবে সেই অন্য ডিষ্ট্রিক্টের নাম শেষ ঘরে লিখিতে হইবে, নতুবা তাহা শূন্য থাকিবে।)

তৃতীয় তফসীল।

(২৮ ও ৩১ ধারা দেখ [ক]।)

বিবাহের রেজিষ্টর লিখিবার পাঠ।

কলিকাতার
মান্দ্রাজের
বোম্বাইয়ের } আর্চডীকনরীর নিমিত্ত

বিবাহের
ত্রৈমাসিক রিটর্ণ।

কলিকাতার
মান্দ্রাজের
বোম্বাইয়ের } আর্চডীকনরীর রেজিষ্ট্রার শ্রী আমি

ইহাতে শপথমতে জানাইতেছি যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত { কলিকাতার মান্দ্রাজের বোম্বাইয়ের } আর্চডীকনরীর মধ্যে বিবাহের ত্রৈমাসিক যে২ আসল রিটর্ণ রাজাজ্ঞাক্রমে প্রস্তুত হইয়া আমার নিকটে পাঠান গিয়াছে এই তাহার যথার্থ প্রতিলিপি

রেজিষ্ট্রারের স্বাক্ষর।

কলিকাতার
মান্দ্রাজের
বোম্বাইয়ের } আর্চডীকনরীর রেজিষ্ট্রার।

আলাহাবাদে
বারাকপুরে
বেরেলিতে
কলিকাতায় } এই২ বিবাহ সাধন হইল।

বিবাহের তারিখ।			উভয় ব্যক্তির নাম।										
সন।	মাস।	তারিখ।	নাম।	কুলনাম।	বয়স।	অবস্থা।	ব্যবসা কি পদবী।	বিবাহকালীন বাসস্থান।	পিতার নাম ও কুলনাম।	বান প্রকাশ কি লাইসেন্স ক্রমে।	উভয় ব্যক্তির স্বাক্ষর।	উপস্থিত দুই কি অধিক সাক্ষির স্বাক্ষর।	যিনি বিবাহ সাধন করিলেন তাঁহার স্বাক্ষর।

[ক] মূল উল্লেখের পরিবর্ত্তে এই উল্লেখটী ১৮৯১ সালের ১২ আইনের দ্বারা সন্নিবেশিত হয়।

চতুর্থ তফসীল।

(৩২ ও ৫৪ ধারা দেখ।)

বিবাহের রেজিষ্টরী বহী।

নম্বর।	বিবাহের তারিখ।			উভয় ব্যক্তির নাম।		বয়স।	ব্যবস্থা।	ব্যবসায় কি বৃত্তি।	বিবাহ কালীন বাসস্থান।	পিতার নাম ও কুলনাম।
	সাল।	মাস।	তারিখ।	নাম।	কুলনাম।					
১				জেমস	হোয়াইট	২৬ বৎসর	মৃতদার	সূত্রধর	আগ্রা	উলিয়ম হোয়াই
				মার্থা	ডনকন	১৭ বৎসর	অবিবাহিতা		আগ্রা,	জান ডনকন

অমুক ভজনালয়ে বিবাহ হয়।

আমাদের বিবাহ হইয়াছে { জেমস হোয়াইট। মার্থা ডনকন। } ইহাদের সাক্ষাতে { জান স্মিথ। জান গ্রীন। }

বিবাহের সর্টিফিকট।

নম্বর।	বিবাহের তারিখ।			উভয় ব্যক্তির নাম		বয়স।	অবস্থা।	ব্যবসায় কি বৃত্তি।	বিবাহকালীন বাসস্থান।	পিতার নাম ও কুলনাম।
	সাল।	মাস।	দিন।	নাম।	কুলনাম।					
১				জেম্‌স	হোয়াইট	২৬ বৎসর	মৃতদার	সূত্রধর	আগ্রা	উলিয়ম হোয়াইট।
				মার্থা	ডনকন	১৭ বৎসর	অবিবাহিতা		আগ্রা	জান ডনকন।

অমুক ভজনালয়ে বিবাহ হয়।

আমাদের বিবাহ হইয়াছে { জেম্‌স হোয়াইট। মার্থা ডনকন। } ইহাঁদের সাক্ষাতে { জান স্মিথ। জান গ্রীন। }

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৩ সাল ৭ নবম্বের।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৩ সালের ১২ই অক্টোবর তারিখে আহন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি সভায় উপস্থিত করা হইয়াছিল।

১৮৯৩ সালের ১৪ নম্বর।

ব্রিটিশ ভারতবর্ষস্থিত জলকর সম্বন্ধে কোন কোন বিষয়ের ব্যবস্থা করণার্থ আইনের পাণ্ডুলিপি।

ব্রিটিশ ভারতবর্ষস্থিত জলকর সম্বন্ধে কোন কোন বিষয়ের ব্যবস্থা করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

নাম ব্যাপ্তি ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে ভারতবর্ষীয় জলকর বিষয়ক ১৮৯৩ সালের আইন বলা যাইতে পারিবে

(২) ইহা সমস্ত ব্রিটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এব

(৩) ইহা অবিলম্বে প্রবল হইবে।

জলকর বিষয়ক অপর আইনের পরিশিষ্ট স্বরূপ এই আইনটী পঠিত হইবার কথা।

২ ধারা। ১৮৮৭ সালের সাধারণ ধারা বিষয়ক আইনের ৮ ও ১ ধারার বিধানের অধীনে এই আইনটীকে ব্রিটিশ ভারতবর্ষের কোন অংশের জলকর সম্বন্ধে উপস্থিত সময়ের প্রচলিত অন্য কোন আইনের পরিশিষ্ট স্বরূপ পাঠ করিতে হইবে।

অর্থ নির্দ্দেশ।

৩ ধারা। বিষয়ে বা পূর্ব্বাপর বাক্যাবলীতে বিপরীত ভাবের কিছু না থাকিলে এই আইনে —

(১) "মৎস্য বলিতে খোলাযুক্ত মৎস্য এব কচ্ছপও বুঝাইবে।

(২) প্রোথিত যন্ত্র বলিতে মৎস্য ধরিবার যে জাল ঘুনি প্রভৃতি ফাঁদ বা অপর যন্ত্র মাটিতে প্রোথিত থাকে অথবা অন্য কোন প্রকারে নিশ্চল করিয়া রাখা হয় তাহা বুঝাইবে। এব

(৩) 'বেসরকারী জল বলিতে যে জল কোন ব্যক্তির নিজস্ব সম্পত্তি অথবা যাহাতে কোন ব্যক্তির অনন্যাধিকৃত মৎস্য ধরিবার স্বত্ব আছে সেই জল বুঝাইবে।

দেশাভ্যন্তরস্থ জলে ও সমুদ্রোপকূলে স্ফোটনীয় দ্রব্য দ্বারা মৎস্য ধ্বংস করিবার কথা।

৪ ধারা। (১) যে জলে মৎস্য আইসে তাহাতে যে মৎস্য থাকে তন্মধ্যে কোন মৎস্য ধরিবার বা ধ্বংস করিবার অভিপ্রায়ে যদি কোন ব্যক্তি তাহাতে কোন ডিনামাইট বা অপর স্ফোটনীয় দ্রব্য ব্যবহার করেন তাহা হইলে তাঁহার অনধিক দুই মাস কারাদণ্ড কিম্বা অনধিক দুই শত টাকা জরিমানা হইবে।

(২) (১) প্রকরণে "জল" শব্দে সমুদ্রোপকূল হইতে সামুদ্রিক এক লীগ দূর পর্য্যন্ত সমুদ্রও বুঝাইবে। এব ঐরূপ সমুদ্রে ঐ প্রকরণানুসারে যে অপরাধ করা হয় তাহা সেই উপকূলস্থ ভূমির উপর করা হইয়াছে বলিয়া গণ্য হইবে এব ঐরূপ গণ্য হইয়া তাহার বিচার ও দণ্ড হইতে পারিবে।

A Bill to provide for certain matters relating to Fisheries in British India

